

Written according to the Syllabus of General Engineering
& Drawing as prescribed by the West Bengal
Education Board.

মাধ্যরণ যন্ত্র-শিল্প ও অঙ্কন

[GENERAL ENGINEERING & DRAWING]

[মাধ্য শ্রেণীর জন্য]

(বিভীষণ অঙ্ক)

*A compulsory subject for
students of the Engineering Group*

BCC.-BA| JK.

শিবপ্রসাদ গঙ্গোপাধ্যায়,
মেক্যানিক্যাল ও ইলেক্ট্রিক্যাল এঞ্জিনিয়ার

SERAMPORE POTAARY CLUE

কে. পি. বসু পাবলিশিং কোং
৪২, কর্ণওয়ালিস ট্রাই, কলিকাতা ৬

প্রকাশক : শ্রীঅয়স্ক বহু, ডি. এ.
৪২, কর্ণওয়ালিস স্ট্রিট, কলিকাতা ৬

প্রথম সংস্করণ : অক্টোবর, ১৯৬০

নক্ষাকর : শ্রীবিশ্বনাথ মুখোপাধ্যায়

মুদ্রাকর : শ্রীত্বিদিবেশ বহু,
কে. পি. বহু প্রিণ্টিং ওয়ার্কস
১১, মহেন্দ্র গোষ্ঠী লেন, কলিকাতা ৬

ভূমিকা

পঞ্চম বঙ্গ শিক্ষা-পর্বৎ কল্টক নির্ধারিত পাঠ্য-তালিকা অনুযায়ী দশম শ্রেণীর
উপযোগী কল্পনা পাঠ্য-শিল্প ও অঙ্কন (General Engineering and
Drawing) পুস্তকের দ্বিতীয় খণ্ড “জ্যামিতিক অঙ্কন” লিখিত হইল। যাহাতে
স্থুকুমারমতি ছাত্রগণের আয়ত্ত করিতে সহজ হুব, সেই কারণে অপেক্ষাকৃত
সহজবেশ্য পক্ষা অবলম্বন করিয়া শিক্ষিতব্য বিষয়টির অবতারণা করা হইয়াছে।

ব্যক্তিগত ভাবে ঘনে হয়, প্রথমে সর্বপ্রকার অঙ্কন-বিজ্ঞা আয়ত্ত করার পর
তবে নবম শ্রেণীতে প্রাবত্তিত পাঠ্য ছাত্রদিগকে আয়ত্ত করিতে দেওয়াই বাধনীয়
ছিল; কারণ উহাতে যে সকল বিষয়ের আলোচনা রহিয়াছে, প্রক্ষেপ
(Projection), খণ্ডিত-দৃশ্য (Sectional Views) প্রভৃতির জ্ঞান ধারিলে তবে
সেই সকল বুবাইতে ও বুঝিতে সহজ হয়,—আর এভিনিয়ারিং কলেজে সর্বজ্ঞ
এই পদ্ধতিটি অবলম্বিত হইয়া থাকে।

এই পুস্তক প্রণয়নে কল্পনগর বি. পি. সি. পলিটেকনিক ইন্সিটিউট-এর
মেক্যানিক্যাল এভিনিয়ারিং-এর লেকচারার, আমার স্বেচ্ছাজন শ্রীশেশচন্দ্ৰ
রায়, B.M.E., বহু বিষয়ে সাহায্য করায় তাহার প্রতি আমার আস্তরিক
গ্রীষ্ম জ্ঞান করিতেছি।

শুল্পত্র

ছাপার এই ভূলগুলি গুরুতরে সংশোধন করিবা নহিতে হইবে :—

পৃষ্ঠা	অণুব	শুল্প
	তালিকা	
	G	G
	'93	'93
	'87	'97

- ১৩ (সম্পাদ্য 2.) ...যুড়ির কৰ্ণ ও $3\cdot 525$ ইঞ্চ ...যুড়ির কৰ্ণ $3\cdot 525$ ইঞ্চ
 „ ৮ম লাইন ...অবস্থায় ঐ যুড়ির... ...ঐ অবস্থায় যুড়ির...
 ১৫ ১ম লাইন E'C E'C"
 ১১৩ ১ম লাইন ... $d_1 0_1$... $d_1 0$
 ১৩৮ ৮ম লাইন ...এখানে স্থিত কৰা হইল, ...এখানে স্থিত কৰা হইল
-

GENERAL ENGINEERING AND DRAWING

Syllabus for Class X

[Students electing the Technical Group are required to study compulsorily General Engineering and Drawing

Instruments and their correct uses.

Bisection of lines and angles.

Drawing of different angles by means of set squares and construction.

Division of a given line into number of equal parts.

Standard sizes of drawing boards lettering.

Type of lines.

Drawing of tangent to circles.

Exercises on touching circles in rectilineal figures.

To construct any regular polygon on a given straight line.

To inscribe polygons in circles.

Circles inscribed in regular polygons.

Correct reading of methods of drawings on ellipse.

Involute of a circle.

Parabola.

Orthographic projects, planes and projection.

Projects of points, lines, planes and simple solids like prisms, cubes, pyramids, etc.

Indication of different materials on drawings.

Sections of these solids on different planes.

Scales and their uses, dimensioning.

সূচীপত্র

শারচেদ		পৃষ্ঠা
১। অ্যামিতিক অঙ্গন	...	১
২। আদর বিবরণ ও ব্যবহার	...	১০
৩। কেবল করিয়া অঙ্গকার্য করিতে হয়	...	২৪
৪। মুক্তি মুদ্রণ	...	৩০
৫। রেখা ও শোণকে দ্বিখণ্ডিত করা	...	৩৯
৬। স্টেট-স্লোয়ারের সাহায্যে এবং অঙ্গ উপায়ে, বিভিন্ন কোণ অঙ্গন করা	...	৪১
৭। রেখাকে বহুভাগে ভাগ করা	...	৪৭
৮। বৃত্ত	...	৪৮
৯। ঝঞ্জ-রেখ ক্ষেত্রের অভ্যন্তরে অন্তর্ভুক্ত অঙ্গন	...	৫২
১০। সরলরেখার উপর স্থায় বহুভুজ অঙ্গন	...	৫৬
১১। বৃত্তের অভ্যন্তরে ধে-কোন স্থায় বহুভুজ অঙ্গন	...	৫৯
১২। উপবৃত্ত, বৃত্তের ইন্ডোলিউট, ও অধিবৃত্ত	...	৬১
১৩। প্রক্ষেপ	...	৭৩
১৪। ছেদ-চিত্র বা খণ্ডিত দৃশ্য	...	১১৪
১৫। বিভিন্ন উপাদান প্রদর্শন করার প্রণালী	...	১৩০
১৬। স্কেল বা 'মানক'	...	১৩২
১৭। মাপাঙ্ক লিখন অঙ্গীকারনী নির্ধণ	...	১৪৫ ১৪৯ ১৬১

সাধারণ যন্ত্র-শিল্প ও অঙ্কন

(General Engineering and Drawing)

বিতীয় খণ্ড

প্রথম পর্বিচ্ছেদ

জ্যামিতিক অঙ্কন (Geometrical Drawing)

অঙ্কনবার যন্ত্রপাতি (Drawing Instruments)—যে সকল যন্ত্রপাতির জাহানে এভিনিয়ারিং ভ্রয়িং করা হয়, তাহাদের মধ্যে প্রধান প্রধানগুলির নাম এই :—

(ক) ‘ডিভাইডার’ (Dividers), (খ) ‘কম্পাস’ (Compasses), (গ) ‘বো-পেন্সিল’ ও ‘বো-পেন’ (Bow Pencil and Bow Pen), ‘ড্রয়িং-পেন’ বা ‘লাইন-পেন’ (Drawing Pen or Line Pen), (ঘ) ‘স্কেল’ (Scales), (ঙ) ‘প্রোট্র্যাক্টোর’ (Protractor), (চ) ‘সেট-কোয়্যার’ (Set squares), (ছ) ‘ড্রয়িং-বোর্ড’ (Drawing Board), (ঙ) ‘টী-কোয়্যার’ (Tee-square), (ঝ) ‘ফ্রেঞ্চ-কার্ভ’ (French curves), ইত্যাদি।

ড্রয়িং-কাগজ (Drawing Paper)—কাগজের উপরে প্রথমে পেন্সিল দিয়া অঙ্কনীয় বস্তু আঁকিতে হয়, এবং আবশ্যক হ'ইলে তাহার উপরে কালি বুলাইয়া লওয়া হয়। যে কাগজে নম্বা প্রত্তি আকা হয় তাহা সাধারণ কাগজ নয়; ইহাকে ‘ড্রয়িং-কাগজ’ (Drawing Paper) বলে। যে নম্বা যত মূল্যবান्, তাহার অন্ত তত দামী কাগজ ব্যবহার করা হইয়া থাকে। সাধারণ কাগজ কলে প্রস্তুত হয় (machine-made paper), আব মূল্যবান্ কাগজ হাতে তৈয়ার হয় (hand-made paper)। যে যে বিভিন্ন আয়তনের কাগজ বাজারে পাওয়া যায়, তাহা এই :—

ডিমাই.....	20×15	ইঞ্চ,	ইন্পৌরিয়াল.....	30×22	ইঞ্চ
মিডিয়ম.....	21×17	“	অ্যাটলাস.....	34×26	“
বয়়াল.....	24×19	“	ডবল-এলিফ্যান্ট.....	40×27	“
স্লুপার-বয়়াল.....	27×19	“	অ্যাটিকোয়ারিয়ান.....	52×31	“

সাধারণ ষষ্ঠি-শিল্প ও অঙ্কন

কোন কোন ক্ষেত্রে উপরে প্রদত্ত মাপের এক-আধ ইঞ্চ তাৰতম্যও সন্দিত
হইয়া থাকে।

সম্ভাৰেৱ ড্ৰয়িং-কাগজেৰ নাম 'কাৰ্ট্ৰিজ কাগজ' (Cartridge paper)।
কাগজ 'তা'-sheet ভাবেও পাওয়া যায়, কিংবা 'ৱোলাৰ'-এৰ উপরে 'জড়ান'-
ভাবেও (in rolls) পাওয়া যায়।

অঙ্কন অভ্যাসেৰ অন্ত কেহ কেহ অল্পদামেৰ কাৰ্ট্ৰিজ-কাগজেৰ বাঢ়া
ব্যবহাৰ কৰিয়া থাকেন।

ড্ৰয়িং-বোৰ্ড (Drawing-Board)—উত্তমকল্পে সীজন বোৰ্ড (well
seasoned) পাইন কাঠ হইতে বোৰ্ড (board) নিৰ্মাণ কৰা হয়। চারি কোণে

পিন (drawing pin)

[চিৰ নং 33] দিয়া



আঙুলেৰ চাপে কাগজ

বোৰ্ড-এৰ উপরে আটা হয়

বলিয়া নৱম কাঠ ব্যবহাৰ

কৰা হয়; তাহা ছাড়া

পাইন কাঠ হাঙ্কা হওয়াৰ

বোৰ্ড নাড়াচাড়া কৰিতে

কষ্ট কৰ হয়। দুইখানি

পাতলা চওড়া কাঠকে

মাৰখানে মজবূত কৰিয়া

জোড় দিয়া দুই প্রান্তে

দুইখানি ফালি কাঠ তাহাৰ

সহিত সমান কৰিয়া জোড়

থুৱা

ড্ৰয়িং বোৰ্ডেৰ আকাৰ

চিৰ নং 1


দিতে হয়। চওড়া-কাঠ দুইখানিৰ ঝাঁশ (fibre) লম্বালম্বি, আৱ দুইপ্রান্তেৰ কাঠেৰ
ঝাঁশ আড়াআড়ি বাধা হয়। অনন্তৰ দুইপাশেৰ ফালি-কাঠ দুখানিৰ কিনারাকে
টাছিয়া নিখুঁতভাৱে সোজা কৰা হয়,—কাৰণ ইহাৰ পায়েৰ সঙ্গে ভিড়িয়া 'টি'-
কোয়াৰ (Tee-square) [চিৰ নং ৩ প্রক্ষেপ্য] সাতাস্বাত কৰিবে। জোড়গুলি
মজবূত কৰাৰ অন্ত শিৰীষ ব্যবহাৰ কৰা হইয়া থাকে। অনেক বোৰ্ড-এ নৌচেৰ

অ্যাধিতিক অকল

দিকে আড়াআড়িভাবে দুইটি ‘খুরা’ দেওয়া থাকে; তাহাতে বোর্ড সহজে বাকিয়া থায় না। নং ১ চিত্রে ‘মেখান’ বোর্ড অপেক্ষা মৃগ্যবান् বোর্ড-ও আছে, তাহাতে এমন ব্যবস্থা থাকে যাহাতে অতিরিক্ত শীত বা উত্তাপে বোর্ড বাকিয়া যাইতে না পারে।

- ব্যবহৃত কাগজের আয়তন অন্যায়ী বোর্ডের আয়তনও ভিন্ন ভিন্ন হয়। সচরাচর বোর্ড-এর দৈর্ঘ্য ও প্রস্থ কাগজের দৈর্ঘ্য ও প্রস্থ অপেক্ষা চারিদিকে ইঞ্চ-খানকে করিয়া বাড়তি থাকে।

‘টি-স্কোয়ার’—দেখিতে ইংরাজী-অক্ষর ‘T’-এর মত বলিয়া ইহার নাম ‘টি’-স্কোয়ার। একটি মোটা ও ছোট কাঠের টুকরার মাথার সঙ্গে পাতলা




একখানি কাঠের ফালি (blade) কু দিয়া আটা। ‘মাথা’টির সঙ্গে ফলাটির কোণ ঠিক 90° । ‘ফলা’র উপরের শির (edge) চালু (bevel) করিয়া কাটা, ও এই ‘শির’-এর অংশ আবলুস কাঠ (ebony) দিয়া তৈয়ারি। যাহাতে নিজ ব্যবহারেও শির সম্পূর্ণ খাজু থাকে, তাহার অঙ্গ এখানে শক্ত কাঠ আবলুস দেওয়া হয়। সামী ‘টি’-স্কোয়ার-এর ফলা (blade)-টি মেহগিনি কাঠের হইয়া থাকে। ছোট কাঠের টুকরা (বা ‘মাথা’)-র উপর ফলাটি ঠিক 90° -ভিত্তি করিয়া বসাইয়া কু দিয়া উহা করিয়া দেওয়া হয়,—এবং উপরস্তু একটি কিংবা দুইটি কাঠের পিস টুকিয়া দিয়া ‘ফলা’ধানিকে ব্যাবস্থ দ্বানে রাখা হয়।

ব্যবহার করিবার সময় কেবল তাহার ‘ফলা’-র উপরের দিকের চালু কিনারাই ব্যবহার করিতে হয়; মাথাটি বোর্ড-এর বাঁ পাস্ত ছুইয়া উপরে-নীচে

• সাধারণ ষন্ট-শিল্প ও অঙ্কন


যায় আৰু আসে, এবং ‘ফলা’ (blade)-এৰ তেৱছা শিরেৱ উপৱ দিয়া পেশিল
কিংবা ‘লাইন-পেন’ টানিয়া লহালমি সমাঞ্চস্তৰাল বেখা টানা হয় (চিত্ৰ নং ৩) ।



ড্রইং-বোর্ডেৱ উপৱে চাৰি কোণে চাৰিটি ড্রইং-পিন দিয়া কাগজ
আটিয়া টী-ক্লোয়্যারেৱ সাহায্যে সমাঞ্চস্তৰাল অনুভূমিক বেখা টানা হইয়াছে ।

চিত্ৰ নং ৩

‘টী-ক্লোয়্যার’ ব্যবহাৰেৱ সময় কেবল তাহাৰ ঢালু কিনাৱাই ব্যবহাৰ কৰাৱ
কাৰণ এই যে, উহাই ‘মাথাৰ’ সঙ্গে ঠিক 90° কৰিয়া নিৰ্মিত । যদি দুইখানি
‘টী-ক্লোয়্যার’ উন্টা-পাণ্টা কৰিয়া (চিত্ৰ নং ৪) একখানি অন্ধখানিৱ উপৱে




দুইখানি টী-ক্লোয়্যার দ্বাৰা ফলকেৱ ঢালু দিকেৱ
ত্বক্টি পৰীক্ষা ।

চিত্ৰ নং ৪

ৰাখিবা দেখা যায়, তবে যদি উহাদেৱ স্পৰ্শ-বেখা ভেদ কৰিয়া পিছনদিক হইতে
আলো আসিতে দেখা না যায়, তবে উহাদেৱ ঢালু কিনাৱা যে আজু আছে,
তাহা সহজেই বুৰা যায় । এইকলপে উহাৰ ‘ফলা’ৰ আজুতা পৰীক্ষা কৰা হয় ।

‘ফলা’ উহাৰ ‘মাথাৰ’ সঙ্গে 90° -ডিগ্রিতে আছে কি না তাহা পৰীক্ষা


করিতে হইলে একখানা 'সেট-ঙোয়ার-এর 90° -কোণ এ কোণের উপরে ধরিলে, যদি সেট-ঙোয়ারের কিনারা-ছাইটি টী-ঙোয়ারের 'মাথা' ও 'ফলা'র কিনারার সঙ্গে মিলিয়া থাই, তবে বুঝা থাইবে কোণ 90° আছে (চিত্র নং ৫) ।



সেট-ঙোয়ার দিয়া টী-ঙোয়ার পরীক্ষা ;

চিত্র নং ৫


'সেট-ঙোয়ার' (Set-squares) ও উভাদের ব্যবহার—
এইগুলি ত্রিভুজাকার, ও কাঠ,
এবনাইট, সেলিউলয়েড, এমন
কি টিনের চাদর হইতেও তৈয়ার
করা হইয়া থাকে । কাঠের
গুলি সস্তা, কিন্তু ব্যবহার
করিতে করিতে বাকিয়া থাইতে
পারে ; সেলিউলয়েড-এর গুলি ও
বাকিয়া থাই, কিন্তু এবনাইটের
গুলি বাকে না । অগ্রদিকে
সেলিউলয়েড-এর সেট-ঙোয়ারের সুবিধা এই যে, ঐগুলি কাচের মত অচ্ছ
পাওয়া থাই বলিয়া ড্রঃ করিবার সময় নৌচের সমস্ত অফিস রেখা থাই,
তাই ইহাতে কাজের বড় সুবিধা হয় । সাধারণ কাজের অঞ্চল হইতে ৮ ইঞ্চি
বাহ-ওয়ালা সেট-ঙোয়ার ব্যবহৃত হইয়া থাকে ; তবে ইহা অপেক্ষা ছোট কিংবা
বড়ও থাকে, আর আবশ্যিক বুবিয়া তাহাও ব্যবহার হয় । অস্ততঃ একখানি
 $85^{\circ}-90^{\circ}-85^{\circ}$ ডিগ্রি, ও অন্তর্বানি $60^{\circ}-90^{\circ}-30^{\circ}$ ডিগ্রি, সেট-ঙোয়ার থাকা চাই ।



চিত্র নং ৬

• সাধারণ যন্ত্র-শিল্প ও অক্ষন


‘সেট-ঙ্কোয়ার’ পরীক্ষা—সেট-ঙ্কোয়ারের কিনারাঙ্গলির অঙ্গুতা ও কোণগুলির ব্যাখ্যার উপরেই উহার ব্যবহার্যতা। 90° -ডিগ্রি কোণ টিক আছে কিনা দেখিবার প্রণালী এই :—৭ নং চিত্রে দেখান’-মত, টৌ-ঙ্কোয়ারের



সেট-ঙ্কোয়ারের 90° -কোণ পরীক্ষা

চিত্র নং ৭

ফলার উপরে সেট-ঙ্কোয়ার বসাইয়া এক লম্ব-রেখা টান ; এইবাবে সেট-ঙ্কোয়ার ঘূরাইয়া ফুটকি ফুটকি রেখায় দেখান’-অবস্থায় পাত’ ; এখন যদি এই অবস্থ উহার উর্ধ্বাধঃ-শির টিক পূর্বের লম্ব-রেখার সহিত সমরেখায় পড়ে, তবে 90° -কোণ




সেট-ঙ্কোয়ারের 45° কোণ পরীক্ষা কর।

চিত্র নং ৮

জ্যামিতিক অঙ্কন

ঠিক আছে বুঝিতে হইবে। সেট-কোয়্যারের 45° -ডিগ্রি কোণের নির্দলতা পর্যৌপি করিতে হইলে, বোর্ডের উপরে টি-কোয়্যার পাতিয়া তাহার উপরে 45° -ডিগ্রি সেট-কোয়্যারখানি রাখ, (চিত্র নং ৪), ও পেনিল দিয়া কাগজের উপরে ‘কথ-রেখা টান। এইবার টি-কোয়্যার না নড়াইয়া, সেট-কোয়্যারের অঙ্গ 45° -ডিগ্রি কোণটি ঐ অবস্থানে আন ; যদি ‘টি-কোয়্যার ও কথ-রেখার অন্তর্গত কোণের সঙ্গে এই কোণটি মিলিয়া যায়, তবে সেট-কোয়্যার ঠিক আছে।

‘টি-কোয়্যার’ দিয়া অমুভূমিক সমান্তরাল রেখা (parallel horizontal lines) আকা হয়, আবার ‘টি-কোয়্যার’-এর উপরে সেট-কোয়্যার বসাইয়া উর্ধ্বাধঃ (vertical) কিংবা ঢালু (slanting) সমান্তরাল রেখা আকা হইয়া থাকে। আবার টি-কোয়্যারের উপরে যে-কোন ভাবে সেট-কোয়্যার বসাইয়া একটু একটু




সেট-কোয়্যারের
সাহায্যে উর্ধ্বাধঃ ও ঢালু সমান্তরাল রেখা অঙ্কন
চিত্র নং ৭

করিয়া সরাইলে একই আনতির যত ইচ্ছা সমান্তরাল রেখা আকা যাইতে পারে। (চিত্র নং ৭)।

আবার কোন রেখার উপর লম্ব কেবল মাত্র সেট-কোয়্যারের সাহায্যে আকা যায়। ঘনে কর AB সেই রেখা (চিত্র নং 10) ; ইহার উপরের C-বিন্দু হইতে কোন লম্ব অঙ্কিত করিতে হইবে। এক্ষেত্রে $30^{\circ}-60^{\circ}$ সেট-কোয়্যারের সর্বাপেক্ষা অধিক লম্বা দিককে AB-র সম-রেখায় স্থাপন কর ; এইবার 45° -সেট-কোয়্যারের সর্বাপেক্ষা লম্বা দিককে প্রথমোক্ত সেট-কোয়্যারের সঙ্গে ঠেকাইয়া এমনভাবে স্থাপন কর যে এই 45° -সেট-কোয়্যারের ঐ দিকটা 60° -সেট-কোয়্যার ছাড়াইয়াও


কিছু বাড়িয়া থাকে। এইবার প্রথম সেট-ক্ষোয়্যারকে উঠাইয়া, উহার ছোট দিকটা 45° -সেট-ক্ষোয়্যারের বাড়তি দিকের উপরে এমনভাবে রাখ, যাহাতে



চিত্র নং 10

উহার সর্বাপেক্ষা বড় দিকের কিনারা C-বিন্দুর উপর দিয়া যায়। এইবার পেসিল লইয়া দাগ কাট।

সেট-ক্ষোয়্যারের সাহায্যে 15° -কোণ অঙ্কন—প্রথমে টী-ক্ষোয়্যারের সাহায্যে কাগজের উপরের দিকে একটি শয়ান রেখা আঁক (চিত্র নং 11) ; পরে টী-ক্ষোয়্যারকে উপর্যুক্ত পরিমাণে নীচে নামাইয়া আনিয়া




চিত্র নং 11

অ্যামিতিক অঙ্কন

তাহার উপরে 45° -সেট-ঙোয়্যারটি পাত, ও তাহার গায়ে 60° - 30° -সেট-ঙোয়্যারটির 30° -কোণটি এমনভাবে ঠেকাইয়া দাও, যাহাতে উহার এক শীর্ষদেশ শবান রেখাটি স্পর্শ করে; তখন উহার ঐ কোণের কিনারা ছুইয়া রেখা টানিলে, তাহা প্রথম রেখা, (অর্থাৎ শবান রেখা) -র সহিত, 15° -কোণে আনত থাকিবে।

বর্গক্ষেত্র অঙ্কন—প্রথমে টী-ঙোয়্যারের সাহায্যে উপরুক্ত দৈর্ঘ্যের শবান AB -রেখা অঙ্কিত

কর এবং বর্গক্ষেত্রের অস্থক দৈর্ঘ্যের সমান করিয়া, টী-ঙোয়্যারকে নীচে নাড়াইয়া আনিয়া ষে-কোন-একটা সেট-ঙোয়্যারের খাড়া কিনা-রাও সাহায্যে A হইতে টী-ঙোয়্যার পর্যন্ত একটা লম্ব AC আক, এবং টী-



চিত্র নং 12

ঙোয়্যারকে না নাড়াইয়া, সেট-ঙোয়্যারকে তুলিয়া লইয়া উহার দ্বারা B -বিন্দু হইতে BD পর্যন্ত আর একটা লম্ব আক; অন্তর টী-ঙোয়্যারের সাহায্যে CD -রেখা টান। ইহাতে $ABCD$ —একটা বর্গক্ষেত্র অঙ্কিত হইল।

এইভাবে ষে-কোন আনতির কোণ-সম্পর্কিত ক্ষেত্র প্রস্তুতি অঙ্কিত করা যায়।

দ্বিতীয় পরিচ্ছন্ন যন্ত্রাদির ব্যবহার ও ব্যবহার

বৃত্ত, চাপ প্রভৃতি অঙ্কন করিতে কম্পাস (Compasses) ব্যবহার করা হয়, আর কোন দুই বিন্দুর দূরত্ব নিরূপণ করিতে, কিংবা নক্সার এক জায়গা হইতে কোন মাপ অঙ্গ জায়গায় লইয়া যাইতে ডিভাইডার (Dividers) ব্যবহার করা হয়। যদি বাংলা পরিভাষা ব্যবহার করিতেই হয়, তবে ইহাদের, যথাক্রমে, ‘বৃত্তক’ ও ‘বিভাজক’ নাম দেওয়া যাইতে পারে।* যত্নসহকারে নির্মিত যন্ত্রের উৎকর্ষ-অপকর্ষতা বিচারে ইহাদের আকার ও মূল্য বহু প্রকারের। এখানে উল্লেক্ষ যন্ত্রের গঠন-ক্রোশল ও তাহাদের বিশেষত্বের সাধারণ বর্ণনা দেওয়া হইতেছে।

বে-জাতীয় যন্ত্র ছাত্রগণ ব্যবহারিক জ্যামিতির জন্য এতাবৎ ব্যবহার করিয়া আসিয়াছেন, এঞ্জিনিয়ারিং ড্রাফ্টিং-এ সে-জাতীয় অল্লম্বলেজের যন্ত্রে কাজ ভাল হয় না; কারণ এঞ্জিনিয়ারিং-এর জন্য যে সব নক্সা প্রস্তুত হয়, তাহাতে যে পরিমাণ সঠিকতা (accuracy)-র আবশ্যক করে, তত সঠিকভাবে ঐ সব যন্ত্র দ্বারা এসব নক্সা প্রস্তুত অনেক ক্ষেত্রে অসম্ভব হইয়া পড়ে।


“কম্পাস” (Compasses) বা “বৃত্তক”, এবং “ডিভাইডার” (Dividers) বা “বিভাজক” একই জাতীয় যন্ত্র; প্রভেদের মধ্যে এই যে, শেষোক্ত যন্ত্রের উভয় পাদ (legs)-ই অতিশৃঙ্খল লোহ-শলাকায় পর্যবসিত (চিত্র নং 14), কিন্তু প্রথমোক্তটি (অর্থাৎ “বৃত্তক” বা কম্পাস) তাহা নহে; ইহার এক পাদের সঙ্গে এমন ব্যবস্থা থাকে যে, তাহাতে পেন্সিলের সীস (lead) চুকাইয়া দেওয়া যায় (চিত্র নং 13)।

মূল্যবান् যন্ত্র সাধারণতঃ জার্মান-সিলভার (German silver), ‘ইলেক্ট্ৰা’ (Electra); অ্যালুমিনিয়ম (Aluminium) প্রভৃতি হইতে নির্মিত হইয়া থাকে; আর অল্লম্বলেজের গুলি পিতলের হয়। ভাল যন্ত্রের উপরে ইলেক্ট্ৰোপ্লেট † (Electro-plate) করা থাকে। পিতলের যন্ত্র ব্যবহারে উহারা কালজৰমে ম্যাড-

* মনে হয়, এইজাতীয় অতি প্রচলিত নাম সকলের পরিবর্তে বাংলা প্রতিশব্দের প্রবর্তন করাই বাহ্যীয়।

† ড্রাই-সাহায্যে যন্ত্রের উপরে নিকেল, ক্রোমিয়ম প্রভৃতি ধৰান।

মেড়ে ইঁয়া ধাপ, হাতে কলঙ্কা-দাগ লাগে, ও সেই দাগ কাগজে লাগে ; ইহাতে তাহা হয় না । অ্যালুমিনিয়মের যন্ত্র হাঙ্কা বটে, কিন্তু উগুলি কম মজবুত ।



পেন্সিল পয়েন্ট
(Pencil point)

কম্পাস
(Compasses)


চিত্র নং ১৩

ডিভাইডার
(Divider)

চিত্র নং ১৪

ডিভাইডার-এ বিশেষ লক্ষণীয় বিষয় এই যে, উহাদের ‘পয়েন্ট’ (Point) দুইটি যেন ঠিক একই বিন্দুতে মিলিত হয়,—ডিভাইডার বন্ধ করিলে যেন দুই পয়েন্টের মধ্যে কিছুমাত্র ফাঁক না থাকে,—কিংবা কোনটি সামান্যও সাইন ছাড়িয়া এদিক-ওদিক না হয়, বা উচু-নীচুও না হয় । কোন কোন ডিভাইডারের


‘পয়েন্ট’ দুইটি কখন কখন দৈর্ঘ্য সামান্য ছোটবড়ও থাকে; এটি দোষের। ইহাতে, কোন রেখাকে কতকগুলি সমান ভাগে ভাগ করিবার সময় ভাগগুলি একান্তর ক্ষেত্রে ছোট ও বড় হইতে থাকে; কারণ এইরূপে ভাগ করিতে হইলে, ডিভাইডারের মাথাটা ধরিয়া উহাকে একবার বানাদিকে আরী একবার ভানাদিকে ঘূরান’ হইতে থাকে যাহাতে যন্ত্রটির পুনর্ব্যবহৃত ঠিক বক কিংবা অঙ্গ পাখীর মত একবার বাঁ-পা আর একবার ডান-পা আগে ফেলিয়া বিভাজ্য। রেখার উপর সূক্ষ্ম সূক্ষ্ম বিন্দু ফেলিয়া অগ্রসর হয়। তাই ‘পয়েন্ট’ দুইটি দৈর্ঘ্যে ঠিক সমান হইতে হইবে। পরে এই সকল সূক্ষ্ম বিন্দুর উপরে অতি সূক্ষ্মাগ্র পেনিল দিয়া দাগগুলি পরিশূট করা হয়। কোন কোন ডিভাইডার ও কম্পাসের মাথা গোল [চিত্র নং 15(a)], আবার কোন-কোনটির মাথার উপরে একটি



করিয়া ‘ক্রিকিরে’-কাটা ডঁটি থাকে [চিত্র নং 15 (b)]। তাহাতে ইহা ধরিয়া যন্ত্রকে ঘূরাইতে, (যেমন বৃত্ত অঙ্কিত করিতে), সুবিধা হয়।


কোন কোন যন্ত্রের বাল্লে ডিভাইডার ও কম্পাস পৃথক পৃথক থাকে, আবার কোন বাল্লে একই যন্ত্রের ‘পাদ’ (leg) বদলাইয়া তাহাকে এক বা অপরভাবে ব্যবহার করা যায়। যেমন ক্ষেত্রে যন্ত্রের এক ‘পাদ’ ডিভাইডারের মত সূচাগ্র বিন্দুতে পর্যবসিত করা থাকে, আর অঙ্গ পাদকে ছোট রাখিয়া এমনভাবে গঠিত

করা থাকে যে, তাহাতে আবশ্যক মত 'পিন-পয়েন্ট' (pin-point) অথবা 'পেনিল-পয়েন্ট' (pencil-point), কিংবা নস্তায় কালি
দিবার 'পেন-পয়েন্ট' (pen-point)-ও
লাগান' যায়। ইহাদের আকৃতি চিত্ৰ নং ১৩ ও
১৬-তে দেখান' হইল। পিন-পয়েন্ট খুলিয়া
পেনিল-পয়েন্ট, এবং তাহা খুলিয়া পেন-পয়েন্ট
লাগানোৱ কোশল এই প্রকার থাকে :—এই
'পয়েন্ট' খলোৱ উপরেৰ মাথা,—যেটা কম্পাস
বা ডিভাইডারেৰ সঙ্গে আঁটা যায়,—তাহাকে
'শাঙ্ক' (shank) বলে; আৱ ডিভাইডারেৰ
একটা পাদে যে লম্বালম্বি একটি কৱিয়া সক
ছোট গৰ্ত থাকে, তাহাকে 'সকেট' (socket)
বলে। (কিংবা কোন যন্ত্ৰে শাঙ্ক ও সকেট
স্থান-পৰিবৰ্তনও কৱিতে পাৱে)। শাঙ্ক ও সকেট-এৰ আকৃতি :—যথাক্রমে,
চিত্ৰ নং ১৭(ক), এবং ১৭(গ)-তে দেখান' হইয়াছে। চিত্ৰ নং ১৭(ক)-কে ডান
পাশ হইতে দেখিলে 'শাঙ্ক'কে যেমন দেখায়, তাহা চিত্ৰ নং ১৭(খ)-তে অঙ্কিত



(a) (b) (c)

চিত্ৰ নং ১৬




'শাঙ্ক' ও 'সকেট'

চিত্ৰ নং ১৭

হইয়াছে। মূল্যবান् কম্পাস ও ডিভাইডারেৰ 'পাদ' (legs) দুইটিকে যাহাতে
আবশ্যক মত বাঁকাইতে পাৱা যায়, তাহার অন্ত 'knee-joint' থাকে ; কিন্তু
সক্তাৰ যন্ত্ৰে তাহা থাকে না। বড় বৃত্ত প্ৰভৃতি অঙ্কন কৱিবাৰ সময় কম্পাসকে
১৪নং চিত্ৰেৰ মত কৱিয়া ভাজ কৱিয়া উহার পিন-পয়েন্টকে ঠিক অঙ্কনীয় বৃত্তেৰ
কেজুৰে, আৱ উহার পেনিল কিংবা পেন-পয়েন্টকে বৃত্তেৰ যে ব্যাসাধ হইবে
তাহার উপরে ঠিক উৰ্ধাধঃ-ভাবে বসাইলে, বৃত্ত ঠিক নিৰ্ভুল হৈ ; আৱ এমন কেজুৰ
যদি একই কেজুৰ হইতে একাধিক বৃত্ত অঙ্কিত কৱিতে হৈ, তবে পিন-পয়েন্টকে

যে বিন্দুতে কাগজের উপরে বাঁচ বাঁচ বসাইতে হয়, সে বিন্দু জৰুৰি: বড় হইয়া অবশ্যে একটা ছোট গড়ে পরিণত হইয়া নজার সৌন্দর্য নষ্ট করে না।

ডিভাইডার সম্মেওঁ ঐ কথা; তাহাতেও 'knee-joint' থাকে, আর তাহার পাদস্থলকে ডাঙ করিয়া, যে দুই বিন্দুর দূৰত্ব মাপিতে হইবে, ঠিক তাহার উপর হইতে লম্ব-ভাবে যন্ত্রের পিন-পয়েন্ট দুইটি বসাইয়া মাপ লাগ্তে হয়।




চিত্র নং 18

কম্পাস ও ডিভাইডারের 'Knee-joint'

“এক্সটেন্শন পীস” (Extension piece) বা “লেংথেনিং বার” (Lengthening Bar)—যখন খুব বড় বৃত্ত অঙ্কিত করিতে হয়, তখন ‘লেংথেনিং বার’ (lengthening bar)-এর সাহায্যে কম্পাসের এক কিংবা দুই পাদই লম্বা করিয়া লইয়া তাহার সাহায্যে অঙ্কিত করা যায়। ‘লেংথেনিং বার’ ও তাহার সাহায্যে লম্বা করিবার একটি কম্পাসের চিত্র এখানে দেওয়া হইল (চিত্র নং 19)।

(Knee joint)




•লেংথেনিং বার (Lengthening Bar)

লেংথেনিং বার-এর ব্যবহার


চিত্র নং 19

“বো-পেন”, “বো-পেনসিল” ও “বো-ডিভাইডার”

(Bow-pen, Bow-pencil and Bow-dividers)—




খুব ছোট ছোট বৃত্ত অঙ্কিত
করিতে প্রলে সাধারণ যন্ত্রাদি
ব্যবহার করিতে সব সময় সুবিধা
হয় না ; সেখানে ছোট ছোট যন্ত্র
ব্যবহার করা হয় ; তাহাদের
'বো-পেন', 'বো-পেনসিল' ও
'বো-ডিভাইডার' বলে। যখন
কোন বৃত্তের ব্যাসাখ আন্দজ
কু" ইঞ্জেঞ্চ কর হয়, তখন এইসব
যন্ত্র ব্যবহার করা হইয়া থাকে।
এইসব যন্ত্র, চিত্র নং 20, 21, 22
ও 23-এ দেখান' হইল।




বো-পেন (Bow-pen)
চিত্র নং 21

বো-পেন
(Bow-pen)
চিত্র নং 20



বো-পেনসিল (Bow-pencil)
চিত্র নং 22



বো-ডিভাইডার
(Bow-divider)
চিত্র নং 23

পেন্সিল-প্রেসেন্ট ও ড্রাইং-পেন্সিল (Pencil-points and Drawing Pencils)—ড্রাইং-এর কাজের জন্য H, HH, HHH, HHHH,—এইসব মার্ক-ওয়ালা পেন্সিলই প্রযুক্তি। HH-পেন্সিল H*-পেন্সিল, অপেক্ষা কঠিনতর, HHH-পেন্সিল HHH-পেন্সিল অপেক্ষা কঠিনতর,—এইরূপ; অর্থাৎ, যত বেশি H-ছাপ পেন্সিলে থাকে, তাহা দিয়া ততো বেশি সূক্ষ্ম রেখা টানা যাইতে পারা যায়, ও নজ্বা ততো যথাযথ হয়। তবে কে কত H-ছাপ-ও~~H~~ পেন্সিল ব্যবহার করিতে পছন্দ করেন, তাহা তাহার অভিজ্ঞতার দ্বারা নির্ণীত হয়; ছাত্রদের পক্ষে H এবং HH,—এই ছাপের পেন্সিলেই কাজ হইল। তবে আবশ্যিক বুবিয়া অধিক H-এর পেন্সিল ব্যবহার করিতেও হইতে পারে।

পেন্সিলের অগ্রভাগ বাটালির মুখের মত (chisel-point) হইবে। ধার্বাল ছুরির দ্বারা এইভাবে পেন্সিল বাড়িয়া, পরে সূক্ষ্ম শিরীষ কাগজ কিংবা উখার

উপর ঘষিলে, পরে ঐ শুলি
দিয়া যে রেখা উৎপন্ন হইবে,
তাহা লঘু বা হাঙ্কা (light),
এবং সূক্ষ্ম (fine) হইবে।
রেখা অক্ষিত করিতে হইলে
সীমার ‘বাটালি’র অংশটি
টীক্ষ্ণয়ার কিংবা সেট-
ক্ষোয়্যারের গা ছুঁয়াইয়া

চুক্তি
“ই” হইতে প্রাক্ষৃতাগ সূচাল বা সূক্ষ্মাগ
“ই” লম্বা ট্যাবচু

চিত্র নং ২৪


অক্ষিত করিতে হয়; ইহাতে
ঠিক জায়গা দিয়া রেখা
টানা যাব। যদি পেন্সিলে

অক্ষিত নস্বায় কালি বুলাইতে না হয়, বা তাহা হইতে ট্রেসিং (tracing) করিতে না হয়, তবে অপেক্ষাকৃত নরম (অর্থাৎ কম সংখ্যার H-মার্কা) পেন্সিল ব্যবহার করিতে হয়, নহিলে শক্ত (বেশি H-এর) পেন্সিল ব্যবহার করিয়া তাহাতে কালি দিতে হয়। বো-পেন্সিল কিংবা প্রৌঁঁবো-পেন্সিলের অন্য সীমাকে, নস্বাকরের ইচ্ছামত, সূক্ষ্মাগ (Pointed), কিংবা বাটালির আকারের

* 'H'-পেন্সিল অর্থে 'Hard' pencil.


মত (chisel-pointed) করা যাইতে পারে। বেশি শক্ত পেসিল ব্যবহার করিতে হইলে, খুব অল্প চাপ দিয়া অঙ্কন করিতে হয়, নহিলে কাগজে যে দাগ গৃস্ত তাহা সহজে উঠে না।

রূপালী—অঙ্কন-কার্যের জন্য নরম রূবার (ইংরাজিতে eraser) ব্যবহার করিতে সহজ বাজারে চলিত 'Venus' প্রত্তি মার্ক রূবার এইজাতীয়।
রূবারের শুণ এমন হওয়া চাই,
যাহাতে পেসিলের কোন দাগ
তুলিবার জন্য রুগড়াইবার সময়
কাগজের কোন যায়গা ঘষিয়া
উঠিয়া না আসে,—মাত্র রূবারই
পেসিলের যথলাটা তুলিয়া
আনে। যাহাতে ঘষিবার সময়
আবশ্যক মত জায়গার বেশি
জায়গা দেবা না হইয়া যায়, সে কারণে অনেকে একটুকুমা কার্ডবোর্ড (card board)-এর মধ্যে প্রায় $3/4"$ ইঞ্চ লম্বা ও $\frac{1}{2}$ " হইতে $\frac{1}{4}$ " ইঞ্চ চওড়া সকল ফালি
গর্ত কাটিয়া লইয়া তাহারই মধ্যে রূবার চালনা করেন। কাজের জন্য পাতলা
পিতলের পাতের মধ্যে আবশ্যক মত দৈর্ঘ্য ও প্রস্থের ফালি, কিংবা ডিমের
আকারে গর্তও কাটা থাকে।



রূবার দিয়া পেসিলের দাগ তুলিবার
জন্য ব্যবহৃত সকল গর্ত-জ্বালা পাতলা
চিত্ৰ নং ২৫

ড্রাইং-পেন বা লাইন-পেন (Drawing pen or Line-pen)—যখন নক্ষায় কালি দিতে হয়, তখন প্রথম স্মৃত করিয়া পেসিল-ড্রাইং
করিয়া তাহাতে 'চাইনিজ ইন্ক' (chinese ink) অথবা 'ইণ্ডিয়ান ইন্ক' (Indian
ink) বুলাইতে হয়।




একটি সকল কলমের হাতলের ডগায় ইস্পাতে তৈয়াৱী একজোড়া পাখীৰ ঠোটেৰ মত অংশ 'বসান' থাকে, আৱ একটি সেই-ক্লু দিয়ো দুটিৰ ঠোটেৰ মধ্যেৰ যে দূৰত্ব তাহা কম বা বেশি কৰা যাব। ইহাই 'ড্ৰিং-পেন'। মূল্যবৃক্ষ পেন-এ আবাৰ উপরেৰ ঠোটকে একেবাৰে খুলিয়া উপরেৰ দিকে তুলিয়া ফেলা যাব; তাহাৰ অন্ত একটি কজা থাকে। চিত্ৰ নং ২৬-এ ঐ কজা দেখা যাইতেছে। কালি ঝুবাইয়া গেলে, দুই ঠোটেৰ মধ্যে কুকাইয়া-যাওয়া কালি পৰিবাৰ কৱিয়া, আবাৰ মৃতন কালি দিতে হয়। এইপ্ৰকাৰ বাৰবাৰ কৱিতে হয়। ইহা ব্যতীত, ঐ সেই-ক্লু টিঙা কৱিয়া কিংবা আঁটিয়া, কালিৰ বেথাৰ প্ৰস্তুতি কিংবা সকল কৰা হইয়া থাকে। লাইন-পেন-এ কালি ভৱিতে হইল তাহাকে কালিতে ঝুবাইতে নাই। প্ৰথমে ঠোট দুইটিকে বেশ কৱিয়া কাপড় দিয়া মুছিয়া, ও সেই-ক্লু দিয়া উহাদেৰ মধ্যেৰ ফাঁক, যত মোটা বেথা টানিতে হইবে তাৰুকপ ঠিক কৱিয়া লইয়া, অন্ত একটি স্টীল পেন-এৰ নিব কালিতে ঝুবাইয়া তাহাতে কৱিয়া কালি লইতে হয়, ও ঐ কালি-শুল্ক নিব (nib) ঠোট দুইটিৰ মধ্যে $\frac{1}{2}$ " হইতে $\frac{3}{4}$ " পৰ্যন্ত কালি প্ৰবেশ কৰে। একসঙ্গে বেশি কালি ভৱিলে, লাইন-পেন ব্যবহাৰ কৱিবাৰ সময় উহা হইতে একেবাৰে সমস্ত কালিটা কাগজেৰ উপৰে কৱিয়া পড়িতে পাৰে। কাজ শেষ হইয়া গেলে, কলমেৰ ঠোট দুইটিকে খুলিয়া, বেশ ভাল কৱিয়া কাপড় দিয়া মুছিয়া রাখিয়া দিতে হয়; নহিলে কালিৰ দ্বাৰা ঐ দুইটি অংশ কৰ পাইয়া যাইতে পাৰে।

'ড্ৰিং পেন'-কৰণ ব্যবহাৰ—ব্যবহাৰ কৱিবাৰ সময় লাইন-পেন ও বো-পেন এমনভাৱে ধৰিতে হয় যাহাতে দুইটি ঠোটেৰ দ্বাৰাতেই কাগজেৰ উপৰে সমান চাপ পড়ে। যেদিক হইতে লাইন টানা হইবে, পেনটি বেন সেইদিকে একটু হেলান' কৱিয়া রাখা হয় [চিত্ৰ নং ২৭(খ)], আৱ তখন কলমটি বেন সেই-ক্ষোষ্যাৰ অধৰা টা-ক্ষোষ্যাৰেৰ গায়ে অতি আল্গাভাৱে ঠেকিয়া থাকে। এসময়ে কলমকে বেশি জোৱে চাপিলে বিভিন্ন বেথাৰ প্ৰস্তুতি কম বা বেশি হইবে। তাহা ব্যতীত কলমেৰ ডগাকে একেবাৰে টা-ক্ষোষ্যাৰ অধৰা সেই-ক্ষোষ্যাৰেৰ ঠিক তলাৰ কিনাৱা দিয়া চালান' উচিত নহে; তাহা কৱিলে কলম

হইতে কালি একেবাবে কাগজের উপরে আসিয়া ‘ধ্যাবড়া’ করিয়া দিতে পারে। [চিত্র নং ২৭ (গ)]

কালি—নল্লার কাজে থে কালি ব্যবহার করা হয় তাহাকে ‘চাইনীজ কলম টি-কোম্যার বা সেট কোম্যারের মধ্যে ঢুকিয়া থাইতেছে



চিত্র নং ২৭

ইক’ কিংবা ‘ইগ্নিয়ান ইক’ বলে। ‘চাইনীজ ইক’ সাধাৰণতঃ আন্দাজ ছয় ইঞ্চ লম্বা, চার-কোণা, ছয়-কোণা বা আট-কোণা, শুকনো কালিৰ বাট্‌ (bar)



“চাইনিজ ইক”-এর বাট

চিত্র নং ২৮

(চিত্র নং ২৮), আৱ ‘ইগ্নিয়ান ইক’ ধ্যাবড়া ছোট শিলিতে দ্রুক্ষিত তুলন কালি, উভয়ৰূপে আটা,

আৱ তাহার ছিপিৰ নীচেৰ দিকে একটি পাথীৰ পেন-কলম (quill)-এৱ মত ছোট

‘কচুকাটা’ মোচ আটকান’
থাকে। কালিতে ঢুবাইলে



“চাইনিজ ইক” গুলিবাৰ চীনে আটিৰ পাত্;

চিত্র নং ২৯

ইহাতে কালি উঠে, ও তাহা দিয়া ডুরিঃ পেন-এ কলি তুলা বাব।

‘চাইনীজ ইক’ গুলিতে একটি চীনামাটিৰ পাত্ [Saucer ; চিত্র নং ২৯]
ব্যবহাৰ কৰা হৈ।

পাঞ্জে একটু জল দিয়া। কালির বাটুটির একপ্রাণ্ত তাহাতে ক্ষাগত ঘরিতে
থাকিলে উহা একটু একটু করিয়া শুলিয়া তরল কালিতে পরিণত হয় ; আর
উপরূপ মত ঘন হইল কিনা, তাহা মাঝে মাঝে পরীক্ষা করিয়া রাখিতে হয়।
ইহা করিতে হইলে, একটি কলমের নিব (nib) উহাতে ডুবাইয়া কালি লইয়া,
তাহা দিয়া কাগজের উপরে আচড় দিয়া, তকাইয়া গেলে, যতক্ষণ না কাগজে ঘন
কাল দাগ থাকিবে, ততক্ষণ পর্যন্ত ‘বাট’কে ঘরিতে হইবে। ~~অঙ্গ~~ময়টা বড়ই
বিস্তৃতিকর। এই পদ্ধতি-মত কালি করিলে আনন্দজ্ঞ-মত জল লইয়া কালি
গোলা উচিত ; কেননা, যদি কিছু কালি উদ্বৃত্ত থাকিয়া যায়, তবে তাহার
পুরদিন তাহাতে আরও কিছু জল দিয়া বাড়াইবার অন্ত ঘরিলে কালি ভাল ঘসে
না ; তবে উদ্বৃত্ত কালি ভাল করিয়া ঢাকিয়া রাখিলে, দুইতিন দিন ধাকে।

‘ইশ্বরান্ব ইন্দ্ৰ’—ইহা একেবাৰে ব্যবহাৰৰ উপযুক্ত তৰল অবস্থায়
পাৰওয়া যায়, ও ইহাকে ঢালিয়া বাহিৰ কৰিতে হয় না বলিয়া সবসময়েই কালি
ভাল ধাকে। শুধু পেন-এ কালি ভৱিবাৰ সময় শুকনো কাপড় দিয়া সজ্জ-শুল্ক


କାଳିର ଜ୍ଞାନଗାଟା ପରିଷାର କରିଯା, ଛିପି ଶିଶିର ମୁଖ
ପର୍ଯ୍ୟନ୍ତ ଚୁକାଇଲେ, ତାହାର ତଳଦେଶେ ଲାଗାନ' କଚ୍-କାଟା
'କୁଇଲ' (quill)-ଏ ସତଟା କାଳି ଉଠେ, ତାହା ଲାଗିଯା
ପେନ-ଏର ମୁଖେ ଟେକାଇତେ ହସ୍ତ; ତଥନ 'କୁଇଲ' (quill)
ହାତିରେ କାଳି ଲାଇନ-ପେନ-ଏ ପ୍ରବେଶ କରେ । କାଳି
ଭରିବାର ସମୟ ସଦି କୋନ ଜ୍ଞାନଗାୟ କାଳି ଉପଛାଇଯା
ଗିଯା ଲାଗିଯା ଥାକେ, ତବେ ତାହା ମୁଢିଯା ଦିତେ ହସ୍ତ ।

ଦେଖିବାରେ କୌଣସି ଥାଏନ୍ତି କଥାର ବଳୀର କାହିଁ ଦେଖାଇ କାହାର ପାଇଁ କରାଯାଏ ।

ବେଳୀ ବାହିର ହଥରେ ଧାକେ, ଡେବନ ମଞ୍ଚାର କାଳ ଦେଉରାର କାହିଁ ଆଗୁଡ଼ କରାଯିଲୁ।


তুল কাল অপেক্ষা-কৃত ক্রত শুকাহস্তা থায়, তাই যতবারই শাশ হচ্ছে
কালি বাহিবি করা থাইবে, ততবারই মেন ছিপিটি দিয়া কালির শিশির মুখটি
বঙ্গ রাখা হয়; আর কাজ শেষ হইলে, অলে ভাল করিয়া লাইন-পেন-এর
মুখের ইস্পাতের ‘ঠোট’ দুইটি ধূইয়া ও শুক কাপড় দিয়া মুছিয়া, তবে রাখা হয়;
নহিলে ইস্পাতের ফলা দুইটিতে মরিচা ধরিয়া ক্ষম হইয়া থায়।

‘টার্ড’ (Protractor)—কোণ অঙ্কন করিবার, অথবা মাপিবার উপস্থি, ‘প্রোট্রাকটোর’ বা ‘টার্ড’ ব্যবহার করা হয়। ইহা অর্ধ-চতুর্ভুজের অন্তর্মাণ হয় [চিত্র নং ৩১(a)], কিংবা আয়তাকার পাটির মতও হয় [চিত্র নং ৩১(b)]।



অর্ধ-গোল ‘প্রোট্রাকটোর’ বা ‘টার্ড’
চিত্র নং ৩১(a)

ইহাদের গায়ে কোণ (angle)-এর দাগ বসান’ থাকে। আয়তাকারগুলি কাঠের, সেলিউলয়েডের, হাতীর দাতের কিংবা প্ল্যাস্টিকের হইয়া থাকে। অর্ধ-চতুর্ভুজ ‘টার্ড’গুলির প্রায়ই তিনের; উহাদের ভিতরটা ফাঁক। টার্ডের বাহিরের দিকে যে দাগগুলি থাকে, সেগুলি ডিশির চিহ্ন। টার্ডের নীচের দিকে অবস্থিত AB রেখার টানে রেখা টানিয়া, উহার মাঝখানে যে O-বিন্দু অথবা দাগ-কাটা




আয়তাকার ‘টার্ড’র সমূখ্য পিঠ
চিত্র নং ৩১(b)

মধ্যবিলু থাকে, তাহাৰ সহিত ঐ দাগগুলি পৰ্যন্ত বেখা টানিলে O-P বেখাৰ সহিত
বত আনতি হয়, কোণেৰ ডিগ্ৰি-ও তত। অতএব অৰ্ধ-বৃত্তকাৰ চাদাৰ সাহাবে
কোন বেখাৰ উপৱ কোন কোণ গঠিত কৰিতে হইলে, চাদাৰ AB-বেখাৰকে
সেই বেখাৰ সহিত মিলাইয়া পাতিত কৰিতে হয় ; এবং বত ডিগ্ৰি আনতিক্ষেত্ৰ
কোণ প্ৰস্তুত কৰিতে হইবে, তত দাগেৰ স্থৰ্য্যে খুব সূচৰ পেশিল-প্ৰাণ্ট অথবা
পিন ধীৱে ফুটাইয়া দাগ দিতে হয় ; এইবাৰ AB-বেখাৰ মাৰ্কান্ত বে তীৰেৰ
মত, কিংবা O-চিহ্নিত দাগ আছে, সেইখানে একটি পেশিল বা পিন দিয়া দাগ দিয়া
'চাদা' সৱাইয়া ফেলিয়া দুই পিন বা পেশিল-ফুটান' দাগেৰ মধ্যে পেট-ক্ষোয়্যাৰ
ধাৰা বেখা টানিতে হয়। তাহা হইলে উপযুক্ত আনতিক্ষেত্ৰ কোণ গঠিত হইল।

আয়তাকাৰ চাদাৰ নীচেৰ দিকেৰ কিনাৱাকে কোন বেখাৰ উপৱে পাতিয়া,
যে বিলু হইতে আনত বেখা তুলিতে হইবে তাহা ঐ কিনাৱাৰ মধ্যভাগে তীৱ্ৰ-
কাটা দাগেৰ সহিত সমবিলুতে রাখিয়া, বত-ডিগ্ৰি কোণে আনত বেখা তুলিতে
হইবে, চাদাৰ কিনাৱায় লেখা তত দাগে পেশিল বা পিন দিয়া বিলু দাগ দিয়া,
চাদাকে সৱাইয়া ফেলিয়া দুই বিলুৰ মধ্যে সেট-ক্ষোয়্যাৰ দিয়া বেখা টানিতে হয়।

আয়তাকাৰ চাদাৰ বিভিন্ন স্কেল থাকে ; ইহাতে ইঞ্চকে এবং সেকেণ্টিমিটাৰকে
নানাভাগে ভাগ কৰা থাকে। চাদাৰ নীচেৰ দিকে ইঞ্চও তাহাৰ দশমাংশেৰ
স্কেল দেখা যাইতেছে। ইহা ব্যতীত, চাদাৰ উন্টা-পিঠে 'ডায়াগোগ্যাল-স্কেল',




আয়তাকাৰ 'চাদা'-ৰ পিছন পিঠ
চিৰ নং ৩১(c)

[চিৰ নং ৩১(c)] এবং চাদাৰ স্থৰ্য্যদিকে কৰ্ড-এৰ স্কেল রহিয়াছে। ইহাৰ বিষয়
পৱে বলা হইবে।

আয়তাকাৰ চাদা দিয়া সৱল বেখা প্ৰচৰ্তি টানিতে নাই।

‘ফ্রেঁচ কার্ড’ (French curves)—যে-কোন প্রকারের বাকা রেখা আকিতে হইলে, এই সকল ‘কার্ড’ ব্যবহারে বিশেষ সুবিধা হয়। নানা আকারের এবং ছোটবড় নানা ধরণের, কাঠ, সেলিউলেইড, প্ল্যাস্টিক, এবোনাইট, অভ্যন্তরীণ পাতলা চাদর হইতে কাটা ‘কার্ড’গুলির সাহার্যে বক্ররেখা আকিলে, পেশিলেরই হোক কিংবা কালিতে আকা ড্রয়িংই হউক, বেশ সুন্দর দেখায়। [চিত্র নং ৩২]।

মনে কর, কতকগুলি বিন্দু স্পর্শ করিয়া কোন জ্বর্য বা চিত্রের সীমারেখা অকিত করিতে হইবে। উপরুক্ত মত একটি ‘কার্ড’ নির্বাচন করিয়া।



ফ্রেঁচ কার্ড

চিত্র নং ৩২

লইয়া, তাহার কিনারাকে এমনভাবে এদিক-ওদিক কর, যাহাতে অস্তুতি: পর পর তিনটি বিন্দু ‘কার্ডের’ কিনারার কোন অংশের সঙ্গে ভিড়ে; তখন সেই তিনটি বিন্দু স্পর্শ করিয়া ততটা বক্ররেখা আক। এইবাবে ‘কার্ড’-এর কিনারাকে ঘূরাইয়া তাহার পরের ছাইটি বিন্দুকে, ও যে-অংশে রেখা টানা হইয়াছে, তাহাদের সমন্বেদন আন, ও নৃতন ছাইটি বিন্দু ছাইয়া পূর্বে টানা রেখার সঙ্গে ভিড়াইয়া দাও। অতঃপর আবার ছাইটি বিন্দু সগ, ও পূর্ব-বর্ণিত প্রধান বক্ররেখা আবারও একটু বাড়াইয়া দাও। এইভাবে অকল সম্পূর্ণ কর।

কুভীয়া পরিচ্ছন্ন

কেমন করিয়া অঙ্গকার্য করিতে হয়

বোর্ডে কাগজ আঁটা—টেবিলের উপরে “ড্রাইং-বোর্ড” (Drawing board) রাখিয়া, ও উপরুক্ত উচ্চ স্টুল (stool)-এর উপরে উপরের করিয়া, প্রথমে “ড্রাইং-পিন” (Drawing pin) [চিত্র নং ৩৩] দিয়া ড্রাইং-কাগজকে বোর্ডের উপরে আঁটিতে হয়। কেহ কেহ এই অবস্থায় বোর্ডকে নিজের কোলের দিকে ঢাল করিয়া রাখেন। আবার কোন কোন বোর্ডের ‘পান্তি’ বা ‘শুরা’ পিছনদিকে উচু ও স্মৃথিদিকে নীচু করিয়া তৈয়ার করাও থাকে [চিত্র নং ১ জষ্ঠব্য]। পূর্বে যেমন কাগজের আয়তন দেওয়া হইয়াছে, সেই অবস্থায়ী বোর্ড বড় বা ছোট হয়। আয়তাকার বোর্ডের লম্বা-কিনারাটা নিজের দিকে রাখা হয়। এইবার টি-ক্ষেত্র্যারে (T-square)-এর ‘মাথা’ (head) বোর্ডের বাম-পার্শ্বের গাঁথে ঠেসাইয়া, উহার ‘ফলা’ (blade) লম্বালম্বি ভাবে পাতা হয়; ইহাতে উহার ঢালু দিকটা উপরের দিকে থাকে। এই ঢালু দিকটাই অঙ্গ-কার্য ব্যবহৃত হয়।

অনস্তর টি-ক্ষেত্র্যারের নীচে ও বোর্ডের উপর কাগজ পাতা হয়। সচরাচর $15'' \times 11''$ কাগজই ব্যবহার করা হইয়া থাকে। “ইল্পীরিয়াল” সাইজের কাগজ,—বাহা দৈর্ঘ্যে ও প্রস্থে $29''$ (বা $30''$) $\times 22''$,—তাহাকেই সমধিক্ষিণিত করিয়া দ্রুতভাবে ব্যবহার করা হয়। স্তরাং এইসব কাঙ্গে বোর্ডের আয়তন $19'' \times 15''$, বা ঐ বৃক্ষ হইলেই চলে; তাহা হইলে বোর্ডের কিনারা হইতে কাগজ পর্যন্ত চারিদিকে দুই ইঞ্চ করিয়া কাঠ বাহির হইয়া থাকিবে। ইহার কিছু এদিক-ওদিক হইলেও কোন ক্ষতি নাই।

টি-ক্ষেত্র্যারের উপরের দিকের ঢালু কিনারাটা ‘মাথা’র সঙ্গে ঠিক 90° -করিয়া বসান’ বলিয়া, ঐ ‘মাথা’কে বোর্ডের বাম প্রান্তে চাপিয়া ধরিয়া টি-ক্ষেত্র্যারকে উপরুক্ত মত উঠাইয়া, কাগজের উপর-মাথা ঢালু কিনারার সমরেখায় আনিয়া, উপরের বাম ও দক্ষিণ কোণে একটি করিয়া ‘ড্রাইং-পিন’ (Drawing-pin) (চিত্র নং ৩৩) ডানহাতের বৃক্ষ অঙ্গুলির চাপে বসাইয়া দাও; অতঃপর কাগজে

টান রাখিয়া উহার নৌচের দুই কোণে আবৃ ছাইটি পিন বসাইয়া দাও। বড় কাগজ আটিবার সমষ্টি ছয়টি কিংবা আটটি পিনও ব্যবহার করিতে হইতে পারে।

ড্রেইং-পিন (Drawing-pin)—একখালি পিতল, জার্মান সিলভার, কিংবা নিকেল-করা ধাতুর চাকতির ঠিক কেন্দ্রদেশে একটি সক্র অথচ ঘঞ্জবৃত্ত কাটা ‘বসান’ থাকে; এই কাটা চাকতি ভেদ করিয়া আন্দাজ মিকি ইঞ্জ বাহির হইয়া আসে; ইহার মুখ সূচাল। এই পিনকে যথাস্থানে ধরিয়া রাখিয়া বৃক্ষাঙ্কলি দিয়া ছাপ দিলেই উহা বোর্ডের কাঠের ঘধ্যে প্রবেশ করিয়া কাগজকে আটকাইয়া রাখে। ধূলিবার সমষ্টি চাকতিকে ধরিয়া উপরের দিকে টানিলেই, কিংবা ছুরি ইত্যাদির ফলা দিয়া একটু চাড় দিলেই, উঠিয়া আসে। এক্লপ করিবার সময় সর্তর্ক হইতে হয়, যাহাতে বেশি বাকাভাবে চাড় দেওয়া না হয়; এক্লপ করিলে পিন বাকিয়া গিয়া অকর্মণ্য হইয়া যাইতে পারে। উপরে যে পিনের বর্ণনা দেওয়া হইল, তাহাতে এক অস্ত্রবিধি এই হয় যে, ইহার চাকতি কিছু উচু বলিয়া টী-ক্ষোয়্যারের ও সেট-ক্ষোয়্যারের কিনারার দিকে বাধা পায়। এইজন্য অনেকে পাতলা ও ছোট ছোট পিন ব্যবহারের পক্ষপাতি।



ড্রেইং পিন

চিত্র নং ৩৩

প্রারম্ভিক কার্য—চিত্রকে স্থান করার জন্য প্রথমেই তাহার চারিদিকে সীমাবেধা (border) অঙ্গিত করা হয়। চারিধারে আধ ইঞ্জ পরিমাণ কাগজ ছাড়িয়া টী-ক্ষোয়্যারের সাহায্যে উপর ও নৌচেকার শয়ান সীমাবেধা, এবং টী-ক্ষোয়্যারের উপরে সেট-ক্ষোয়্যারের ধারা দুইপার্শের উর্ধ্বাধঃ সীমা-বেধা পেঙ্গিল ধারা অঙ্গ করিয়া এক $14'' \times 10''$ ইঞ্জ আবত্তক্ষেত্র গঠন করা হয়। কাগজের নৌচের ডানদিকে সীমাবেধার বাহিরে এই আধ ইঞ্জ আবগার ঘধ্যে নিজ নিজ মাঝ লিখিতে হয়। ইহারও ভিতরে আবাৰ প্রত্যোক পাশে সমপরিমাণ কাগজ ছাড়িয়া দিয়া যে $13'' \times 9''$ ইঞ্জ কাগজ বাকী থাকে, তাহাৰই উপরে চিত্র সকল অঙ্গিত করা হইয়া থাকে। তবে শেষের এই আধ ইঞ্জ করিয়া কাগজ ছাড়াৰ সমষ্টি হয়ত মতভেদ থাকিতে পারে, কিন্তু নজ্বাৰ সীমাবেধা (border)-এৰ বাহিরে অস্তত: আধ ইঞ্জ করিয়া কাগজ রাখিতেই হয়।

চিত্ৰগলি এমনভাৱে আকিতে হইবে, যাহাতে সম্পূর্ণীত নক্ষা একথাৰি ছবিৰ মত সন্দৃশ্য হয় ; তাহাদেৱ সমষ্টি বেখা সুস্পষ্ট ও স্থনিৰ্দিষ্ট, ফুটকি ফুটকি বেখাগুলিৰ মধ্যেৰ ফোক সমপৰিমাণ ও বজ্রসহকাৱে টানা, অক্ষৱ ও সংখ্যাগুলি ছাপাৱ হৱক ও ছাপাৱ সংখ্যাৰ মত সন্দৰ, তাহাৰ উপৱ যাহা কিছু বিবৰণী কিংবা ~~নির্ণয়~~ থাকিবে সে সমষ্টই ছাপাৱ হৱকেৰ মত,—এক কথায়, এ বিষয়ে বিশেষ যত্ন ও অধ্যবসায় অপৰিহাৰ্য । মনে রাখিতে হইবে, “শুধু হাতে” (free-hand) পারত-পক্ষে কোন চিত্ৰেৰ কোন অংশ আকা চলিবে না ; পৰিশ্ৰম লাঘবেৱ চেষ্টা কৰিয়া কোন কিছু “শুধু হাতে” আকিতে চেষ্টা কৰিলে, (বিশেষতঃ ছাত্ৰদেৱক্ষেত্ৰে), নক্ষাৰ সৌন্দৰ্য নষ্ট হইয়া যাওয়াৰ আশঙ্কা থুবই বেশি ।

অ্যামিতিক চিত্ৰ অঙ্কনেৱ সময়, প্ৰথমেই কাগজখানিকে পেন্সিলেৱ দ্বাৰা উপস্থুক মত ছৱটি কিংবা আটটি সমান আয়তক্ষেত্ৰে ভাগ কৰিয়া, তাহাৰ প্ৰত্যেক ভাগেৰ মধ্যে একটি কৰিয়া চিত্ৰ অক্ষিত কৰিলে সমবেত চিত্ৰ সন্দৃশ্য হয় । ইহা কৰিতে হইলে, প্ৰথমে টী-ক্ষোয়্যারেৱ সাহায্যে $14'' \times 10''$ (কিম্বা $13'' \times 9''$ ইঞ্চ) আয়ত ক্ষেত্ৰেৰ মধ্য দিয়া একটি শৱান (horizontal) বেখা টানিয়া, তাহাকে উপৱ-নৌচে লালালিহি দুই সমান ভাগে ভাগ কৰিয়া লইতে হয় । ইহাকে ইংৰাজীতে centre line ; (বাংলায় “অক্ষ-বেখা” বা “কেন্দ্ৰ-বেখা”) বলে । তাহাৰ পৰে টী-ক্ষোয়্যারেৱ উপৱে সেট-ক্ষোয়্যার বসাইয়া আবশ্যক মত তিনি অথবা চাৰি সমান অংশে ভাগ কৰিবেই কাগজখানিতে ছয় কিংবা আট সমান অংশ হইল । ইহাৰই এক একটি অংশেৰ মধ্যে এক একটি চিত্ৰ অঙ্কন কৰা হয় । পেন্সিল দিয়া সব চিত্ৰ অক্ষিত কৰা হইয়া গেলে পৰ, তাহাতে কালি দিতে হয় ।

কালি দেওক্ষা, ও বেখাৰ প্ৰকাৰ-জৰু—পেন্সিলে অক্ষিত চিত্ৰে কালি দেওক্ষাৰ পূৰ্ব হইতে লাইন-পেন (line-pen), বো-কম্পাস (Bow-compasses) প্ৰত্তিৰ ব্যবহাৱে হাত অভ্যন্ত কৰিয়া লওয়া উচিত ; নহিলে চিত্ৰে কালি গড়িয়া উহাকে অব্যবহাৰ্য কৰিয়া কেলিতে পাৰে । এই কাৰ্যে পাৱনৰ্থী হইতে হইলে, অগে টী-ক্ষোয়্যারেৱ সহিত লাইন-পেন ব্যবহাৱ কৰিয়া সহজভাৱে পৰিকাৰ অছভূমিক সৱলৱেখা, টী-ক্ষোয়্যার ও সেই-ক্ষোয়্যারেৱ

সাহায্যে অঙ্গভাবে উর্ধ্বাধঃ রেখা, তীর্থক সমাজবাদ, খেবা,—অঙ্গনে দোলণে
অঙ্গিত নানাবিধি সহজ সহজ রেখাচিত্রে কালি বুলান' অভ্যাস করিলে ভাল হয়।
ইহা ব্যতীত, পেশিলে আকা রেখাগুলি যে বিন্দু হইতে আবস্থ হইয়া ঠিক মে
বিন্দু শেষ হইয়াছে, কালির রেখাও যেন ঠিক ততদূর আসে। রেখাগুলি কতটা
মোটা হইবে, তাহা কালি দিতে আবস্থ করিবার পূর্বেই, কলমের মুখের দুই
'টোট'কে যে সেই-কু দিয়া এক-করা থাকে, অঙ্গুষ্ঠ ও তর্জনীর দ্বারা তাহাকে দক্ষিণে
অথবা বামে শুরাইয়া টোট দুইটির মধ্যের ফাক কম-বেশি করিয়া সহিয়া, যে-
জাতীয় কাগজে কালি দিতে হইবে সেই জাতীয় অন্ত এক খণ্ড কাগজের উপরে
রেখা টানিয়া বাব বাব পরীক্ষা করিয়া দেখিতে হয় কালির রেখা অভিপ্রীতরূপ
মোটা কিংবা সকল হইয়াছে কিনা। লাইন-পেন ব্যবহারের সময় কাগজের উপরের
কলমের চাপ যেন বরাবর সংস্কারেই থাকে, অথচ বেশি না হয়। ড্রয়িং-এর কালি
বড় শীঘ্র শুকাইয়া যায়। আবাব কখন কখন কলমে কালি থাকা সত্ত্বেও কলম
হইতে কালি সহজে সরে না ; এমন হইলে অঙ্গুলি জলে ভিজাইয়া কলমের টোট
দুইটি স্পর্শ করিতে হয়, কিংবা যেখানে কালি থাকে তাহার ভিতর দিয়া সকল
স্থচ, নিব, কাগজের টুকুর প্রতি অভূতি সম্পর্কে চালাইয়া ডগা দিয়া বাহির করিয়া
আনিতে হয়। সে সময় কলমকে কাগজের উপর হইতে একপাশে সরাইয়া
নাইতে হয়, নহিলে কাগজে কালির ছিটা পড়িতে পারে। অনস্তর আবাব কালির
রেখা পরীক্ষা করিয়া দেখিয়া নাইতে হয়। কলমে যেন এককালে বেশি করিয়া
কালি ভরা না হয় ; ইহাতে কাজ করিতে আবস্থ করিবার সময় কলমের পাশ
দিয়া কালি কাগজের উপরে পড়িয়া যাইতে পারে ; অন্তদিকে আবাব, রেখাটি
যত লম্বা ও মোটা হইবে, এক টানে যেন ততটা পর্যন্ত কলম টানিবার পূর্বেই কালি
শুরাইয়া না যায় তাহাও দেখিতে হইবে। শয়ান রেখা সম্পূর্ণ হওয়ার পূর্বেই কালি
কালি জমিয়া যাওয়ার আগেই উহা হইতে কালি শুচিয়া, কিংবা কলমের ডগার
ভিতরদিকে কালি জমাট হইয়া পিয়াছে বুঝিতে পারিলেই, তাহা শুণিয়া
পরিকার করিয়া নাইতে হয়।

কালি দিবার সময় কলমকে এমনভাবে ধরিতে হয়, যাহাতে সেই-কুটি
বাপ্তিয়ের দিকে থাকে, এবং বাদিক হইতে ভানদিকে রেখা টানিবার সময়

উহা ভানদিকে দ্বৈৎ হেলান' থাকে, লম্বা উন্ধাধঃ বেখা ঢাণধাঘ সময় নাচেৰ
লিকে দ্বৈৎ হেলান' থাকে। কিন্তু কলমকে বেশি হেলাইলে তখনি কালি
গড়াইয়া পড়িয়া যাব।

নম্মা আকিবাৰ সময় বিভিন্ন প্রস্তৱ (width) বেখা টানিতে হয় ; ~~আবাৰ~~
কলম পৰিকাৰ কৱিবাৰ সময় সেট-কু খুলিয়া ফেলিয়া পুনৰায় নৃতন কৱিয়া
আটিয়া কালি ভৱিতে হয় ; সেইজন্ত যে প্রস্তৱ বেখা টানা চলিতেছে, প্রথমেই
তাহাৰ একটা নমুনা বাখা অপৰিহাৰ ; নহিলে পূৰ্বেৰ ও পৰেৱেৰ বেখাগুলিৱ
প্রস্তৱ পাৰ্থক্য হওয়া অবধারিত।

এই স্থলে উজ্জেখ কৱা আবশ্যক যে, কালি দিবাৰ সময় প্রথমেই যুক্তগুলি বৃত্ত
কিবো বৃত্তাংশ থাকে, তাহাতে কালি দিতে হয় ; নহিলে বৃত্তাংশেৰ সঙ্গে ঠিক
ধাপ্ খাওয়াইয়া কালিৰ সৱলৱেখা অক্ষন কৱা দৃক্ষয়। ইহাতে সমস্ত চিত্ৰেৰ
শোভা একেবাৰে নষ্ট হইয়া যাব।

বিভিন্ন প্ৰকাৰেৰ বেখা আছে, আবাৰ তাহাৰ তাৎপৰ্যও আছে। যেমন
অক্ষবেখা (centre line), ড্রয়িং কাগজেৰ কিনাৱাৰ বেখা (border line),
সম্পাদ্য চিত্ৰেৰ সীমা-বেখা বা পৰিধি (contour) ইত্যাদি, ইত্যাদি। যদিও
এই বেখা সকলেৰ প্রস্তৱ যাপ নম্মা ছোটবড়-ভেদে কিছু তাৰতম্য হইতে
পাৱে, তবু সাধাৰণতঃ নীচেৰ নমুনাগুলিতে দেওয়া যাপ সাধাৰণতঃ ঐ
প্ৰকাৰই হইয়া থাকে এবং ইহাই অনুমোদিত :—

ইংরাজী নাম	প্রস্তাবিত বাংলা নাম	আনুমানিক প্রস্ত	প্রচলিত চিহ্ন
1. Guide line, Projection line Construction line	নিয়ন্ত্রণ রেখা প্রক্ষেপ রেখা অঙ্কন রেখা	সূক্ষ্মরেখা ± 0.005 " (0.005 m.m.) $= 0.15$ m.m. (আন্দোল)	-----
2. Centre line	অক্ষ- বা কেন্দ্র-রেখা	ঐ	-----
3. Section line	থঙ্গ- বা ছেদ রেখা	ঐ	
4. Dimension line & Extension line	শাপাংক রেখা বর্ধন রেখা	ঐ	
5. Long break line	দীর্ঘ বিচ্ছিন্ন রেখা	ঐ	
6. Hidden line	ঢাকা পড়া রেখা	আকারী রেখা ± 0.01 " (0.01 m.m.) 0.25 m.m.	-----
7. Cutting line	কর্তৃত বা ছেদন রেখা	ঐ	-----
8. Short break line	ক্ষুদ্র বিচ্ছিন্ন রেখা	ঐ	
9. Ground line	ভূমি রেখা	সুলভেরেখা ± 0.25 " (0.25 m.m.)	
10. Border line	সীমা রেখা	0.65 m.m.	

* সাধারণত: ভূমিরেখার সহিত 45° ডিগ্রি অবনতিতে।

চতুর্থ পর্বিচ্ছন্দ.

অক্ষর গুড়ণ (Lettering)

ড্রাই়ি়়়-এর কার্যে কোথাও “হাতের লেখা” ব্যবহার করিতে নাই, একথা পূর্বে বলা হইয়াছে ; যাহা কিছু লিখিতে হইবে, সমস্ত “ছাপার” ~~অক্ষর~~ ; এবং যত সংখ্যা বা অক্ষর (যেমন মাপের অক্ষ) লিখিতে হইবে, তাহাও ছাপার অক্ষরে । তেমনি, মাপ দেখাইবার তীরের ফলাগুলি (arrow heads)-ও সুন্দরভাবে দিতে হব । কেবল, সংখ্যা অথবা অক্ষ-লেখা, কিংবা তীরের ফলা আকার তাছিম্যের অন্ত সুন্দরভাবে অঙ্কিত চিত্রও দেখিতে অতি বিশ্রী লাগে । কেবলভাবে তীরের ফলা আকিতে হয় তাহা পৃষ্ঠকের শেষে দেওয়া হইয়াছে ।

ঠিক কিভাবে লেখাগুলি গুড়িত করিতে হইবে, তাহার কোন নির্দিষ্ট নিয়ম নাই ; ইহা নজ্বাকর (draughtsman)-এর পছন্দমত । তবে এক নজ্বায় একই ধরণের অক্ষর ও সংখ্যা মুদ্রিত করাই নিয়ম । লেখাগুলিকে কাগজের আয়তনের সহিত সামঞ্জস্য রাখিয়া বড়, মাঝারি বা ছোট করিতে হয়,—যাহাতে সম্পূর্ণ চিত্রের সৌন্দর্য বৃদ্ধি হয় । লেখার ছাদ (style) অনেক ব্রকমের হইয়া থাকে ।

ব্লক প্রিন্টিং (Block printing)—এইগুলি শিরোনাম প্রভৃতির অন্ত ব্যবহৃত হয়, ও ইহারা “বড় হাতের” লেখা (Capital Letters) । এ অক্ষরগুলির আবার ছাদ-ভেদে প্রকারভেদ আছে ; যথা :—(1) সাত-পাঁচ ঘরের ব্লক অক্ষর, (2) পাঁচ-পাঁচ ঘরের ব্লক অক্ষর, (3) খাড়া ‘গথিক’ অক্ষর (Vertical Gothic Letters), (4) হেলান ‘গথিক’ অক্ষর (Inclined Gothic Letters), (5) খাড়া ‘রোম্যান’ অক্ষর (Vertical Roman Letters), (6) হেলান ‘রোম্যান’ অক্ষর (Inclined Roman Letters) ।


ইহা ছাড়া আবার “ছোট হাতের” (Small or Lower-case Letters)-ও আছে । সেগুলি এই :

(1) খাড়া ‘গথিক’ ছোট হাতের লেখা (Vertical Gothic Lower-case Letters) ; (2) হেলান ‘গথিক’ ছোট হাতের লেখা (Inclined Gothic Lower-case Letters) ; (3) খাড়া ‘রোম্যান’ ছোট হাতের লেখা (Vertical Roman

Lower-case Letters) ; (4) হেলান' 'রোম্যান' ছোট হাতের লেখা (Inclined Roman Lower-case Letters)। ইহাদের সক্ষে আবার সংখ্যাও আছে।

বড় হাতের লেখাঙ্ক অনুলাঃ

(1) সাত-পাঁচ ঘরের বড় অক্ষর ও সংখ্যা—



চিত্ৰ নং ৩৫

[১^ত] ইঞ্চি ব্যবধানে] আটটি সমান্তরাল অগ্রভূমিক রেখা আল্গা আল্গা ভাবে পেশিলে টানিয়া, অঙ্কুপ ব্যবধানে ক্র্যাক্ষয়ে উর্ধ্বাধঃ রেখা টানিয়া চৌকা চৌকা ঘৰ করিলে ইহাতে উর্ধ্বাধঃভাবে সাতটি ঘৰ হইবে। এইবাবে এক-একটি অক্ষরের অন্ত বাম হইতে দক্ষিণ দিকে পাঁচটি করিয়া রেখা, এবং দ্বাই পাশাপাশি অক্ষরের মধ্যে দুইটি করিয়া ঘৰ ছাড় বাধ। কেবল “আই” (I) লিখিবার অন্ত দুইটি রেখা, (মাঝ একটি ঘৰ), এবং M ও W লিখিবার অন্ত ছয়টি করিয়া রেখা ধরিতে হয়। পরে সেট-কোষ্যার দিয়া সবল বৈধিক অংশ, ও কম্পাস দিয়া কোণগুলি গোল করিয়া কালি দিয়া ভৱাট করিয়া, পেশিলের ঘৰগুলি মুছিয়া দিতে হয়। কালি দিবাৰ সময় বৃত্তাংশগুলিকে প্রথমে কালি দিতে হয়।

(২) পাঁচ-পাঁচ ঘরের বড় হাতের অক্ষন ও সংখ্যা—

ইহাতেও [চুট "ইঞ্চ ব্যবধানের] ছয়টি সমান্তরাল অঙ্কুরিক লেখা, ও অঙ্কুরপ ব্যবধানে উর্ধ্বাধঃবেধা সকল টানিয়া চোকা চোকা ঘর করিয়া, এক-একটি অক্ষরের অন্ত বাম হইতে দক্ষিণে পাঁচটি করিয়া লেখা, ও দুই ~~বায়ে~~ মধ্যের ফাঁকের অন্ত দুইটি করিয়া ঘর ছাড়িতে হয়।



চিত্র নং ৩৬

২(a) এইক্লপ আট ঘরের বড় অক্ষন আছে ; ইহার নম্বনা এবং ছাদের বিশেষত্ব নং ৩৭ চিত্রে দেখান, হইল :—



চিত্র নং ৩৭

(3) খাড়া "গধিক" অক্ষর ও সংখ্যা—

এই পদ্ধতি অঙ্গসারে অক্ষরগুলির উচ্চতা বত, তাহার অঙ্গপাতে দৈর্ঘ্য ০.৭ হইতে ০.৭২-আন্দাজ হইয়া থাকে। ইহাতে "A"-র স্থান মাথা ও "J", "V"-র নীচেটা, এবং C, G, O, Q, S,—ইহাদের উপর ও নীচের অঙ্গপাত অক্ষর ছাড়াইয়া সামান্য একটু বড় করিয়া লেখা হয়, নহিলে নকরে ঐগুলি~~সামান্য~~ ছোট দেখায়। অক্ষরের নমুনা :—

A B C D E F G H
 J K L M N O P Q R
 S T U V W X Y Z &
 । ২ ৩ ৪ ৫ ৬ ৭ ৮ ৯ ০

খাড়া "গধিক" অক্ষর

চিত্র নং ৩৪

অক্ষরগুলির শোটামুতি অঙ্গপাত

[অক্ষরের উচ্চতা = 1 (একক) বলিয়া গ্ৰহণ কৰিয়া]

	A	B	C	D	E	F	G	H	I	J	K	L	M
উপরের বিত্তার	—	.৯	.৯৩	.৯৩	.৮৭	.৮৭	.৯৩	.৮৭	.০৭	.০৭	.৮৭	.০৭	১.১
নীচের বিত্তার	১.১	.৯৭	.৯৭	.৯৩	.৮৭	.০৭	.৮৭	.০৭	.০৭	.৭৭	.৯৮	.৭৭	১.১

	N	O	P	Q	R	S	T	U	V	W	X	Y
উপরের বিস্তার	.93	1	.87	1	.93	.87	.93	.93	1	1.46	.97	.93
নীচের বিস্তার	.98	1	.07	1	.97	.93	.07	.93	-	.73	.07	.07

	Z	&	1	2	3	4	5	6	7	8	9	0
উপরের বিস্তার	.87	.47	.07	.8	.77	.33	.77	.83	.93	.77	.93	.93
নীচের বিস্তার	.87	.93	.07	.93	.93	.83	.93	.93	.07	.97	গোল	গোল

কিন্তু এত ধরাকাট করিয়া বড় কেউ নিখে না, তাহার বদলে নং ৩৯ চিত্রে
প্রদর্শিত প্রথাই সবিশেষ প্রচলিত। ইহাতে A, C, G, M, N, O, Q, S, এই
অক্ষরগুলির উর্ধ্বাধঃ দৈর্ঘ্যকে যদি 'L' ধরা যায় তবে অন্য অক্ষরগুলির উর্ধ্বাধঃ

A B C D E F G H I J K L M N
 O P Q R S T U V W X Y Z
 1 2 3 4 5 6 7 8 9 0 & 7 5

খাড়া "গধিক" অক্ষর

চিত্র নং ৩৯

দৈর্ঘ্য $\frac{2}{3}L$ হয় ; আর J, U, V,—এই কয়টি অক্ষরের নীচের দিক একটু বাড়িয়া
থাকে। চিত্র নং ৩৯ দেখিলে ইহা স্পষ্ট বোধগম্য হইবে।

(৪) বড় হাতের হেলান' "গাধিক" অক্ষর—

খাড়া "গাধিক" অপেক্ষা হেলান' "গাধিক"-এর মূল্য এই যে, লিখিবার সময় যদি ইহাদের মধ্যে আনতির সামান্য তফাঁ-ও হয়, তবে তাহা ততটা নজরে ধরা পড়ে— তবে যে-সব অক্ষর একেবারে সরলরেখা থাবা গঠিত নহে,—যেমন, B, C, G, J, O, Q, U, প্রভৃতি,—সেগুলি শুধুহাতে স্থানভাবে লিখিতে একটু অভ্যাসের অভ্যর্থনা করে। কিন্তু আর একপ্রকার হেলান' "গাধিক" অক্ষর আছে, তাহাতে উপরের অসুবিধা নাই; এগুলি বহুলাঙশেই সরলরেখা থাবা গঠিত, কেবল কোণগুলি হাতে করিয়া লেখা হয়। এজাতীয় অক্ষরের চলন খুব বেশি।

*ABCDEFGHIJKLMN
OPQRSTUVWXYZ
1234567890 & ৭৫.*

হেলান' "গাধিক" অক্ষর

চিত্র নং ৪০

এইভাবে লিখিবার সময় অনেকে আবার কোন কথার প্রথম অক্ষরটি অন্তর্ণিলি অপেক্ষা একটু বড় করিয়া লিখেন, যথা—"COMBINATION"; ইহাতে প্রথম অক্ষর C-টি যত বড় হইবে, বাকীগুলি তাহার সু হইয়া থাকে। ইহাতে সকল অক্ষরের আনতি সমান হয়, এবং তাহা 60° -ডিগ্রি হইতে 70° -ডিগ্রির মধ্যে রাখা হয়। অন্ত সব অক্ষর 60° -ডিগ্রি আনতি হইলে, "A" লিখিবার সময়, প্রথমে 60° -ডিগ্রির এক রেখা টানিয়া, যে বিন্দুতে ঐ রেখা উপরের নিয়ন্ত্রক রেখা (Guide line)-কে স্পর্শ করিবে, অগ্রে সেই বিন্দু হইতে একটি লম্ব-পাত কয়িয়া নীচের নিয়ন্ত্রক রেখা পর্যন্ত টানিতে হয়; (ইহা "A"-র ডানদিকের পাদ); এবং এই রেখা, পূর্বে অঙ্কিত 60° -ডিগ্রি রেখা হইতে, নীচের দিকে যতটা ডানদিকে আছে, ততটা দূরে, বামদিকে এক বিন্দু লক্ষিয়া, হইতে উপরের নিয়ন্ত্রক রেখা ও 60° -ডিগ্রির রেখার মিলন-বিন্দু পর্যন্ত আবর এক রেখা টানিলে, তাহা A-র বামপাদ হইবে; আবর সাবের "পেট-কাটা" শয়ান-রেখা হই নিয়ন্ত্রক রেখার অর্ধেকেরও একটু নীচে হইবে। "V" লিখিতে উন্টা "A" লিখিতে হয়।

হাদ। ইহাৰ দ্বাৰাও সুন্দৰভাবে লেখা ও শিরোনামেৰ কাজ সম্পন্ন হয়। লক্ষ্য কৱিতে হইবে, কি বড় আৱ কি ছোট-হাতেৰ অক্ষয়গুণতে বাংলা অক্ষৱেৰ মত যাজা দেওৱা থাকে। ৪৪ ও ৪৫ নং চিত্ৰে ইহাৰ ও সংখ্যাৰ নমনা দেওৱা হইল।

অক্ষকল অৰ্পণেৰ প্ৰথা—“ছোট-হাতেৰ” ছোট ছোট অক্ষৱ মূল্যন্ত্ৰে সময় সাধাৰণতঃ উপসূক্ত আকাৰেৰ অক্ষৱেৰ অন্ত দুইটি নিৰ্দিষ্ট-বেৰখা (guide lines) পেঙ্গিল দিয়া টানিয়া, (এবং আবশ্যক বিবেচনা কৱিলে, হেলান' অক্ষৱেৰ বেলা 60° হইতে 70° ডিগ্ৰিৰ মধ্যে মাঝে মাঝে হেলান' ৱেখাসকলি হাকা-ভাবে পেঙ্গিলেৰ দ্বাৰা দাগ দিয়া), একেবাৰে কালি দিয়াই তাহা মুদ্রিত কৰা হইয়া থাকে ; অনভিজনিগৰ পক্ষে, প্ৰথমে হাকা-ভাবে পেঙ্গিলে লিখিয়া, তাহাৰ উপৰে ধীৱতাৰ সহিত কালি দিয়া মুদ্রিত কৰাই বিধি ; আৱ যখন শিরোনাম প্ৰস্তুতি মুদ্রিত কৱিতে হয়, তখন ঐগুলি প্ৰথমে মানান মত কৱিয়া পেঙ্গিলে লিখিয়া, তাহাৰ পৰে, লাইনিং-পেন (lining-pen) এবং কম্পাসেৰ মাহায়ে কালি দিয়া অক্ষয়গুণৰ বাহিৱেৰ ৱেখাগুলি সংজোৱে টানিয়া, অবশ্যে সূক্ষ্ম তুলিৰ দ্বাৰা কালি দিয়া সাবধানে উহা ভৱাট কৱিয়া দিয়া, কালি শুকাইলে, পেঙ্গিলেৰ দাগগুলি ভাল কৱিয়া মুছিয়া দিতে হয়।


পঞ্চম পর্লিচ্ছদ

রেখা ও কোণকে দ্বিখণ্ডিত করা (Bisecting Lines and Angles)

কোন রেখাকে দ্রুই সমান-ভাগে ভাগ করা


কোন এক রেখা AB অঙ্কিত কর ; ইহা সরল কিংবা বক্ষ দ্রুই হইতে পারে

আনন্দান্তর কম্পাসকে AB-রেখার অর্ধেকের বেশি ফাঁক করিয়া লইয়া,



সরলরেখাকে সম-বিখণ্ডিত করা

চিত্র নং ৪৮ (I)



বক্ষরেখাকে সম-বিখণ্ডিত করা

চিত্র নং ৪৮ (II)


প্রথমে A-বিন্দুকে কেন্দ্র করিয়া একটি চাপ (arc) অঙ্কিত কর, ও তাহার পরে B-বিন্দুকে কেন্দ্র করিয়া, অন্য একটি চাপ (arc) অঙ্কিত কর। মনে কর, ঐ দ্রুই চাপ (arcs) C ও D বিন্দুতে পরস্পরকে ছেদ করিতেছে। এইবাবে C ও D-বিন্দুস্থ এক সরল রেখার ঘোরা ঘোগ কর।

তাহা হইলে AB-রেখা E-বিন্দুতে সম-বিখণ্ডিত হইল।

জষ্ঠব্য : এক্ষেত্রে CE-রেখা AB-রেখার উপরে সম-ভাবে (perpendicularly) আপত্তি হইবে। এইভাবে কোন রেখার উপরে সম (perpendicular) অঙ্কিত করা যাব।

কোণ কোণকে ছুই সমান-ভাগে ভাগ করা।

(i) যখন কোণের ছুই বাহ একই বিন্দুতে মিলিত হয় :




যখন কোণের ছুই বাহ একই বিন্দুতে মিলিত হয়
চিত্ৰ নং ৪৭ (i)

মনে কৰ, AOB-কোণকে সম-স্থিতিত
কৱিতে হইবে। O-কে কেন্দ্র কৱিয়া,
OA-বাহ অপেক্ষা কিছু কম ফাঁক কৰি
CD-চাপ (arc) অঙ্কিত কৰা এইবাবে,
একবাব C-কে কেন্দ্র কৱিয়া, ও তাহার পৰে
D-কে কেন্দ্র কৱিয়া, দুইটি চাপ কৰা ; মনে
কৰ, তাহারা পৰম্পৰাকে E-বিন্দুতে ছেদ
কৱিতেছে। O ও E-বিন্দুস্থ এক সরল-
রেখাৰ দ্বাৰা ঘোগ কৰ। ইহা কৱিলে
AOB-কোণ DE-রেখাৰ দ্বাৰা সম-স্থিতিত
হইল।

(ii) যখন কোণের ছুই বাহ একই বিন্দুতে মিলিত হয় না :

কোণের ছুই বাহ AB ও
CD অঙ্কিত কৱিয়া, সেটি-
কোণ্যাবেৰ সাহায্যে উহাদেৱ
উভয়েৰ সমান্তৰালে A'B' ও
C'D' রেখা দুইটি অমনভাবে
ঝাক, বাহাতে উহারা O-বিন্দুতে
মিলিত হয়। এইবাবে E'-E-
চাপ ঝাক, ও G-বিন্দু নির্ধাৰণ
কৰ। O-G ঘোগ কৰ। তাহা
হইলে অগুণ কোণকে স্থিতিত
কৰা হইল।




যখন কোণের ছুই বাহ একই বিন্দুতে মিলিত হয় না
চিত্ৰ নং ৪৭ (ii)

ষষ্ঠ পরিচ্ছন্ন
**সেট-কোয়ারের সাহায্যে, এবং অন্য উপায়ে,
 বিভিন্ন কোণ অঙ্কন করা।**

**Drawing of different Angles by means of Set-squares,
 and Constructions)**

(i) সেট-কোয়ারের সাহায্যে কোণ অঙ্কন করা :

ড্রয়িং-বোর্ডের উপরে কোন অনুভূমিক বা শ্যান রেখা (horizontal line) অঙ্কিত করিয়া, তাহার সঙ্গে (ক) 60° - 30° সেট-কোয়ারের 60° -ডিগ্রি কোণের বাহি ভিড়াইয়া অতিভূজ (hypotenuse) ছাঁইয়া রেখা টানিলে কোণটি 60° , ও বড়টি ($180^{\circ} - 60^{\circ} =$) 120° ডিগ্রিতে অঙ্কিত করা হইবে [চিত্র নং 48(a)]



সেট-কোয়ারের সাহায্যে কোণ অঙ্কন
 চিত্র নং 48

- (খ) $60^{\circ} - 30^{\circ}$ সেট-কোয়ারের 30° -ডিগ্রি কোণের বাহি টি-কোয়ারের সঙ্গে ভিড়াইয়া অতিভূজ (hypotenuse) ছাঁইয়া রেখা টানিলে, শ্যান রেখার সহিত ছোট কোণটি 30° , ও বড়টি ($180^{\circ} - 30^{\circ} =$) 150° ডিগ্রিতে অঙ্কিত করা হইবে [চিত্র নং 48(b)] ।
- . (গ) 45° -সেট-কোয়ারের ষে-কোন বাহি ভিড়াইয়া অতিভূজ (hypotenuse)

ছুঁইয়া রেখা টানিলে ছোট কোণটি 45° , ও বড়টি $(180^\circ - 45^\circ =) 135^\circ$ অঙ্কিতে অঙ্কিত করা হইবে [চিত্র নং 48(c)] ।

(ঘ) যে-কোন সোঁচ-কোণ্ডারের 90° -কোণকে ছুঁয়াইয়া থাঢ়া রেখা টানিলে উহা ঐ অল্পভূমিক রেখার উপর অন্তর্ভুক্ত (perpendicularly) হইবে [চিত্র নং 48(d)] ।


(ii) ঢাকনা বা ‘প্রোট্রিয়াক্টার’-এর সাহায্যে কোণ অঙ্কন করা :

(‘প্রোট্রিয়াক্টার’ বর্ণনা করার সময় ইহা বিস্তার করিয়া বলা হয়েছে ।) [চিত্র নং 31(a) & (b)]


(iii) অক্টবেজ সাহায্যে কোণ অঙ্কিত করা (by construction) :

(ক) কোন কোণের সমান করিয়া এক কোণ অঙ্কিত করা :

মনে কর, $\angle AOB$ -কোণের সমান করিয়া কোন কোণ অঙ্কিত করিতে হইবে ; এখন O -কেন্দ্র হইতে যে-কোন ব্যাসার্ধ- OC লইয়া কম্পাসের সাহায্যে এক চাপ (arc) অঙ্কিত কর [চিত্র নং 49(i)] ; মনে কর OB -ভূজকে D -বিন্দুতে ছেদ করিল ।



চিত্র নং 49 (i)




চিত্র নং 49 (ii)

এইবাবে অন্তর $O'B'$ -রেখা টান [চিত্র নং 49(ii)] । O' -বিন্দু হইতে OD -ব্যাসার্ধের সমান করিয়া এক চাপ ‘ MN ’ অঙ্কিত কর । কম্পাসকে DC -র সমান ফাঁক করিয়া লইয়া M -বিন্দু হইতে সেই অঙ্কিত চাপকে N -বিন্দুতে ছেদ কর ; $O'N$ -রেখা টান । এখন $A'O'B'$ -কোণ AOB -কোণের সমান হইবে ।


(খ) কোণ এক নির্দিষ্ট ডিগ্রি কোণ অঙ্কন করা :

(i) 60° -ডিগ্রি কোণ :—

ব্যাসার্ধ OA লইয়া একটি চাপ (arc) অঙ্কিত কর (চিত্র নং ৫০), ও সেই ব্যাসার্ধ দিয়াই চাপকে ছেদন কর ; যে (B)-বিন্দুতে চাপ ছেদিত হইল, সেই বিন্দু ও O-বিন্দুর মধ্যে এক সরলরেখা টানিলে $\angle BOA = 60^{\circ}$ -ডিগ্রি হইবে ।



চিত্র নং ৫০



চিত্র নং ৫১


(ii) 30° -ডিগ্রি কোণ :—

60° -ডিগ্রি কোণ $= \angle BOA$ অঙ্কিত করিয়া, যে-কোন ব্যাসার্ধ লইয়া DC-চাপ অঙ্কিত কর (চিত্র নং ৫১) ; এইবাবে, একবাব C-কে কেন্দ্র করিয়া, ও একবাব D-কে কেন্দ্র করিয়া, চাপ আকিয়া পরম্পরাকে E-বিন্দুতে ছেদ কর । (কোণকে দ্বিখণ্ডিত করিবার প্রক্রিয়া) ।

এখন O এবং E বিন্দুস্থ দিয়া রেখা টানিলে EOC-কোণ 30° -ডিগ্রি হইবে ।

(iii) 90° -কোণ, [সমকোণ বা লম্ব (Right-angle or Perpendicular)] :

(ক) ধে-কোন বিন্দু C ইতিতে কোন রেখা AB-র উপরে লম্বপাতিত করিতে হইবে । যদি ঐ লম্বপ্রদত্তরেখার মাঝখান-বরাবর হয়, তবে, ঐ C-বিন্দুকে কেন্দ্র করিয়া এমন ব্যাসার্ধ লইয়া এক চাপ অঙ্কিত কর (চিত্র নং ৫২), যাহা রেখাটিকে D ও E এই দুই স্থানে ছেদ করে ; এইবাবে, একবাব D-কে কেন্দ্র করিয়া, এবং অগ্রবাব E-কে কেন্দ্র করিয়া চাপ অঙ্কিত




চিত্র নং ৫২

কৱিয়া পৰম্পৰকে মু-বিন্দুতে ছেদ কৰ ; C ও F যোগ কৰ। ঐ CF-ৱেখা AB-ৱেখাৰ সহিত 90° -ডিগ্ৰি কোণ উৎপন্ন কৱিবে,—অর্থাৎ উহাৰ লম্ব হইবে।

(খ) যদি কোন রেখাৰ উপৰে কোন বিন্দু হইতে লম্ব তুলিতে হয় :

মনে কৰ, কোন সমলৈখা AB-ৰ উপৰে অবস্থিত C-বিন্দু হইতে এক




চিত্ৰ নং ৫৩

তুলিতে হইবে। ইহা কৱিতে হইলে, C-বিন্দুকে কেন্দ্ৰ কৱিয়া একটা অধ-বৃত্ত অক্ষন কৰ, এবং যে D ও F-বিন্দু হইটিতে উহাৰা AB-ৱেখাৰ স্পর্শ কৱিতেছে, সেই দুইটি বিন্দুকে কেন্দ্ৰ কৱিয়া দুইটি এমন চাপ অঙ্কিত কৰ যাহাৰা পৰম্পৰকে F-বিন্দুতে ছেদ


কৰে। C-F যোগ কৰ। ঐ CF-ৱেখা ই C-বিন্দু হইতে AB-ৱেখাৰ উপৰে লম্ব।

(গ) অন্ত প্ৰক্ৰিয়াঃ AC-ৱেখাৰ উপৰ যে-কোন এক বিন্দু (B)-ৰ উপৰে লম্ব তুলিতে হইলে যে-কোন এক বিন্দু D-কে কেন্দ্ৰ, আৰ D-B-কে ব্যাসাধ কৱিয়া এক বৃত্তাংশ EBF অঙ্কিত



চিত্ৰ নং ৫৪

কৰ। E ও D-বিন্দুৰ ছুইয়া ঐ বৃত্তাংশেৰ ব্যাস টান। এখন, যে F-বিন্দুতে ঐ ব্যাস বৃত্তাংশকে ছেদ কৱিল, তথা হইতে BF-ৱেখা অঙ্কিত কৱিলে উহা AC-ৱেখাৰ B-বিন্দুতে লম্ব হইবে।



চিত্ৰ নং ৫৫

(ঘ) যদি কোন রেখাৰ এক প্রান্তে লম্ব তুলিতে হয় :


, মনে কৰ, AB-ৱেখাৰ B-প্রান্তে এক লম্ব তুলিতে হইবে। B-কে কেন্দ্ৰ,

করিয়া AB-অপেক্ষা কম যে-কোন ব্যাসার্ধ BC লইয়া এক চাপ CDE অঙ্কিত কর, ও ব্যাসার্ধ BC-র সমান রাখিয়া, চাপকে, C-বিন্দু হইতে CD ও DE, এই দুই সমান-ভাগে ভাগ কর। এইবাবে D ও E-বিন্দুসম হইতে একটি করিয়া অঙ্কিত করিয়া পরম্পরাকে F-বিন্দুতে ছেদ কর। BF যোগ কর। এখন BF-রেখা AB-সরল রেখার JB-প্রান্তে লম্ব হইল।


(৩) ~~৪৫°~~-ডিগ্রি কোণ :

(ক) এক সমকোণ অঙ্কিত করিয়া তাহাকে দুই সম-ভাগে ভাগ করিলে 45° -ডিগ্রি কোণ হয়।

(খ) ব্যাসার্ধের সমান করিয়া কোন চাপকে ছেদন করিলে 60° -ডিগ্রি কোণ



চিত্র নং 56




চিত্র নং 57

পাওয়া যায় ; তাহাকে আবার সম-ভিত্তাগ করিলে দুইটি 30° -ডিগ্রি কোণ হয়। দ্বিতীয় 30° -ডিগ্রিকে সম-ভিত্তাগ করিয়া নৌচের 30° -ডিগ্রির সঙ্গে একত্র করিলে 45° -ডিগ্রি কোণ পাওয়া যায়।

(৫) সমকোণকে তিনি সমান-ভাগে ভাগ করা :


ইহা 30° -ডিগ্রি কোণ অঙ্কন করা রই অপর প্রক্রিয়া। কোন এক সমকোণ অঙ্কিত করিয়া যে-কোন ব্যাসার্ধ লইয়া CD-চাপ অঙ্কন কর ; এবং ঐ ব্যাসার্ধ

দিয়া, একবাবে C-কেন্দ্র হইতে চাপকে E-বিন্দুতে ছেদ কর, এবং অন্তবাবে D-কেন্দ্র হইতে F-বিন্দুতে ছেদ কর। তাহা হইলে OE ও OF রেখাদ্বয় সমকোণকে তিনি সমান ভাগে ভাগ করিবে।



চিত্র নং 58


(vi) **৭৫°-ডিগ্রি কোণ :** প্রথমে সমকোণ অঙ্কিত কর ; এইবাবে যে-কোন ব্যাসার্ধ লইয়া AB-চাপ অঙ্কিত কর, ও B-কেন্দ্র হইতে ঐ ব্যাসার্ধ দিয়া চাপকে C-বিন্দুতে ছেদ কর। তাহা হইলে $\angle BOC$ -কোণ 60° -ডিগ্রি হইবে, ও $\angle AOC$ -কে 30° -ডিগ্রি হইবে। এইবাবে এই $\angle AOC$ -কোণকে সম-বিখণ্ডিত করিয়া 60° -ডিগ্রির সঙ্গে আঁকিয়া লও ; তাহা হইলে $\angle BOD$ কোণ 75° -ডিগ্রি হইবে।



চিত্র নং ৫৯


